সভা নং ঃ ০৭/২০১৯-২০ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ০৯.০১.২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি সভার সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত ডিসেম্বর/১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০১/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন,গত ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলাফল/২০১৯ প্রকাশ করা হয়েছে। জেএসসি পরীক্ষায় ৪৮৫৬ জন অংশগ্রহণ করে ৪২৪৩ জন কৃতকার্য হয়েছে। জিপিএ ৫.০০ পেয়েছে ২৩৬ জন,পাশের হার ৮৭%। জেডিসি পরীক্ষায় ৩২০ জন অংশগ্রহণ করে ২৬০ জন কৃতকার্য হয়েছে। জিপিএ ৫.০০ নাই,পাশের হার ৮১%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্য:শিক্ষা কর্মকর্তা। |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তিরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, অত্র উপজেলার ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার নিকট জানতে চান এসব কমিউনিটি ক্লিনিক সমুহে নিয়োগকৃত সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার নিয়মিত রুগি দেখছেন কিনা জবাবে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, সংশ্লিষ্ট কমিউনিটি ক্লিনিক সমুহে বসার জায়গা না থাকায় তিনারা সদর হাসপাতালে ডেপুটেশনে কর্মরত রয়েছেন। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান বলেন,গ্রামীন জনপদে স্বস্থ্যসেবা পৌছে দেওয়ার লক্ষ্যে সদাসয় সরকার কমিউনিটি ক্লিনিক সমুহে সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার নিয়োগ করেছে। কিন্তু পরিতাপের বিষয় এই যে, বিভিন্ন অযুহাতে তারা নিজ কর্মস্থলে না থেকে সদর হাসপাতালে ডেপুটেশনে কাজ করছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে কমিউনিটি ক্লিনিক সমুহে নিয়োগকৃত সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার | কমিউনিটি ক্লিনিক সমুহে নিয়োগকৃত সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারদেরকে নিজ কর্মস্থলে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সিভিল সার্জন,চুয়াডাঙ্গা কে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

| | | |
|---|---|---|
| দেরকে নিজ কর্মস্থলে রুগি দেখলে জনগণ অধিক উপকৃত হবে বলে সভায় মত প্রকাশ করা হয়। | | |
| ২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি বিভাগের কোন কার্যপত্র না পাওয়ায় উক্ত বিভাগের চলমান কার্যক্রমের কোন তথ্য পাওয়া যায়নি। | কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে বলা হলো। | উঃ কৃষি কর্মকর্তা। |
| ৩। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অত্র সদর উপজেলায় চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮২.৮৩%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ১০৮ জন , গর্ভবতী সেবা ১৭১১ জন এবং ৪৫৮ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ পঃপঃ কর্মকর্তা। |
| ৪। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৮ টি মৎস্য খামার ও ৬ টি প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । | এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৫। উপজেলা প্রাণীসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃতিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৭২৭ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫৭২৬, হাস-মুরগী ৪৯,৬০০। এছাড়া তিনি জানান, এ মাসে ৩১৯৮ টি গবাদি পশু এবং ১২৩৬২ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ নাই, উঠান বৈঠকের আয়োজন নাই, ডিম উৎপাদন-৩১৫৪৯২১ টি,দুধ উৎপাদন-১২০০ মেঃ টন,মাংশ উৎপাদন-১৮২৪ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-০.৮০ একর এবং খামার পরিদর্শন-১৫টি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রানীসম্পদ কর্মকর্তা। |
| ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি ২০১৯-২০ অর্থবছরে টিআর ২,১৯,৫৯,২৭২ টাকা বরাদ্দ পাওয়া যায় যার বিপরীতে ১৭৫ টি প্রকল্প গ্রহণ করা হয়,কাবিটা ৩৬,৮৬,২২১ টাকার বিপরীতে ৬৭ টি কাবিখা ১২৬.৬৭৮৮ মে.টন এর বিপরীতে ২৪ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে , ইজিপিপিতে ১,৩১,৯৪,৩২৯ টাকার বিপরীতে ৫৮ টি প্রকল্প নেওয়া হয়েছে। কাজ চলমান আছে। এছাড়া ২০১৯-২০ অর্থবছরে টিআর কর্মসূচির আওতায় ৩৬ টি দুর্যোগ সহনীয় বাসগৃহ বরাদ্দ পায়া গছে যার কাজ চলমান আছে। | গৃহীত প্রকল্পের তদারিক অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৭। উপজেলা প্রকৌশল বিভাগ (উন্নয়নমূলক কার্যক্রম)ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর বিপরীতে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছিল তা কিছু বাস্তবায়ন শেষ হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। দ্রুত কাজ শুরু হবে। | গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ। |
| ০৮। উপজেলা পরিবেশ ও বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ সভায় জানান, বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার - ২০১৯ প্রদানের নিমিত্তে ১০ টি শ্রেনীতে এবং বন্যপ্রানী ও জীব বৈচিত্র সংরক্ষনে বিশেষ অবদান রাখার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় পুরস্কার -২০২০ প্রদানের নিমিত্তে সরকার নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হয়েছে। তিনি এব্যপারে সভায় উপস্থিত আগ্রহী ব্যাক্তি প্রতিষ্ঠানকে দ্রুত আবেদনপত্র জমা প্রদানের অনুরোধ করেন।চলতি অর্থবছরে এ উপজেলায় ২১,০০০ টি বিভিন্ন ফলজ,বনজ ও ভেষজ চারা উত্তোলণ পূর্বক রোপন/বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রকৃত বাগান মালিকদেরকে এ কর্মকান্ডে সম্পৃক্ত করতে হবে। | উঃ বন কর্মকর্তা। |
| ০৯। পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন,চলতি মাসে সমিতি গঠন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত | পল্লী |

| | | |
|---|---|---|
| নাই,সদস্য ভর্তি ১১ জন,পুঁজি গঠন ৩.১৮, ঋণ বিতরণ ৫৯.১৪,ঋণ আদায় ৩২.৩৮। এছাড়া তিনি জানান, বিআরডিবির সাধারণ কর্মসূচি সহ সংশ্লিষ্ট অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | রাখতে হবে। | উন্নয়ন কর্মকর্তা |
| ১০। সমবায়ঃ উপজেলা সমবায় কর্মকর্তা তার দপ্তরের চলমান ঋণ কার্যক্রমের চিত্র সভায় উপস্থাপন করে জানান, তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে সমবায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে সভায় প্রস্তাব পেশ করেন। | ঋণ আদায়ে তৎপর হতে হবে। | সমবায় কর্মকর্তা। |
| ১১। উপজেলা সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, এ অফিসের মাধ্যমে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ৫৬৪ জনকে ১০,০০০/- হারে বয়স্ক ভাতা-৬৬৭৪ জনকে ৫০০/- হারে , বিধবা ভাতা-২৩৩৪ জনকে ৫০০/-হারে, ও প্রতিবন্ধি-১৮৮৯ জনকে ৭০০/- হারে এবং প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি ভাতা প্রাথমিক স্তরে ৭৪ জনকে ৫০০/- হারে মাধ্যমিক স্তরে ৫৬ জনকে ৬০০/- টাক হারে উচ্চমাধ্যমিক স্তরে ৭ জনকে ৭০০/- হারে উচ্চ স্তরে ২ জনকে ১২০০/- হারে এছাড়া দলিত হরিজন ও বেদে জনগোষ্ঠির ৪১ জনকে ৫০০/- হারে সরকারি ভাতা ভাতা প্রদান অব্যাহত আছে। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সমাজসেবা কর্মকর্তা। |
| ১২। উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় বলেন,তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০১৯ সালের প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এবারের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার্থীর উপস্থিতির হার ছিল ৯৮% এবং প্রাথমিক ইবতেদায়ী সমাপনী পরীক্ষার্থীর উপস্থিতির হার ছিল ৮৬.৩২%। অত্র উপজেলার সকল পরীক্ষার্থীর উত্তরপত্র অন্য উপজেলায় মুল্যায়ন করা হয়েছে। এবং অন্য উপজেলার উত্তরপত্র অত্র উপজেলায় মূল্যায়ন শেষে ফলাফল তৈরি করা হয়েছে। ফলাফলে দেখা গেছে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার্থীর পাশের হার ছিল ৯৩.২৩% এবং প্রাথমিক ইবতেদায়ী সমাপনী পরীক্ষার্থীর পাশের হার ৯৯.৩৩%। এছাড়া তিনি জানান,অত্র উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিবর্তীত সময়সূচি ১শিফট ৯-৩.১৫ মি: এবং ২ শিফট ৯-৪.০০ টা পর্যন্ত। | প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৩। উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল বিভাগঃ উপ-প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিভাগ সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে ১৯ টি ওয়াশ ব্লক,১০৪ টি তারা গভীর টিউবওয়েল,১৪ টি দেড় ইঞ্চি গভীর টিউবওয়েল,২৭ টি স্যালো টিউবওয়েল,১ টি কমিনিটি টয়লেট এবং ১২ টি আর ও ফিল্টার বরাদ্দ পাওযা যায় যার কাজ চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৪। উপজেলা যুবউন্নয়ন বিভাগঃ উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | শতভাগ আদায়ের এ ধারা অব্যাহত রাখতে হবে। | যুবউন্নয়ন কর্মকর্তা। |
| ১৫। উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিভাগঃউপজেলা মহিলা ও শিশু উন্নয়ন অফিসার জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান রাখতে হবে। | মঃবিঃ অফিসার |
| **আলোচ্য সূচি : ০৪- সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য নির্বাচিত স্থানে অবস্থিত পুরাতন ভবন কনডেমনেশন ঘোষণা ও অপসারণ**উপজেলা প্রকৌশলী বলেন যে, এ উপলো পরিষদ এর নতুন মাষ্টার প্লান অনুযায়ী স্থানীয় পকৌশল অধিদপ্তরের ১৪-১১-২০১৯ তারিখের ৪৬.০২.০০০০.৯০৩.১৪. ০০১.১৮-৫৬১নং স্মারকে এ উপজেলা পরিষদের জন্য সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম বরাদ্দ পাওয়া গিয়েছে। মোট বরাদ্দ- ৫,৯৭,১৬,৩৬৮.৩৬ টাকা। বিদ্যমান ভবনগুলি | সভায় বিস্তারিত আলোচোনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক কার্যাদি সুষ্ঠভাবে | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| অপসারণের জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব অনুমোদিত হলে ভবণগুলো টেন্ডারের মাধ্যমে অপসারন করার পর কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য টেন্ডার আহবান করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, অপসারণযোগ্য ভবণে স্থাপিত দপ্তর প্রধানগণকে নিজস্ব ব্যবস্থাপনায় অন্যকোন ভবণে তাদের অফিস স্থানান্তরের জন্য পত্র দেওয়া হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপেজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পচয়ারম্যানের পরিত্যাক্ত সরকারি বাসভবণে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত ভবণে দুটি অফিস স্থাপনের পর্যাপ্ত কক্ষ নেই। এছাড়া সরকারী বিভিন্ন সভা এবং জরুরী অনুষ্ঠানাদি করার মত কোন হলরুম বা ক্ষ নেই। সভা/অনুষ্ঠানাদি পরিচালনা করা দুরুহ হয়ে পরড়ছে। সেকারনে উপজেলা চেয়ারম্যানের পরিত্যাক্ত সরকারি বাসভবণ দপ্তর হিসাবে ব্যবহারের উপযোগি করতে প্রয়োজনীয় সংস্কার সহ সভা/অনুষ্ঠানাদি পরিচালনার লক্ষ্যে উক্ত ভবনের পাশে অন্তর্বর্তীকালীন ১টি টিন সেড কক্ষ নির্মাণের প্রস্তাব উত্থাপন করেন। সভার সকল সদস্য উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। উক্ত কাজ করার জন্য কোন সরকারি বরাদ্দ পোয়ার সম্ভাবনা নেই ফলে উপজেলা পরিষদের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হবে মর্মেও সভাকে অবহিত করা হয়। | সম্পাদনের স্বার্থে উপজেলা পরিষদ চেয়ারম্যানের পরিত্যাক্ত সরকারি বাসভবণের প্রয়োজনীয় সংস্কার এবং সভা/অনুষ্ঠানাদি পরিচালনার স্বার্থে উক্ত ভবণ সংলগ্ন ১টি টিন সেড কক্ষ নির্মানের প্রাক্কলণ আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো। | |
| **<u>আলোচ্যসূচি-০৫ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ অনুযায়ী অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদান প্রসঙ্গে।</u>** সভায় উপজেলা উপজেলা শিক্ষা অফিসার জানান, অত্র উপজেলার উজলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর সিনথিয়া (৬) নামের একজন শিক্ষার্থী গত ৫/১২/২০১৯ খ্রিঃ তারিখে বিদ্যালয়ে অবস্থানকালীন সময়ে আগুনে বিভৎসভাবে পুড়ে গেছে। এ বিষয়ে জাতীয় ও স্থানীয় পত্র পত্রিকায় বিভিন্ন সংবাদ প্রকাশিত হয়েছে। তিনি বলেন,অগ্নিদগ্ধ শিশুটি বর্তামানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তিনি জানান, শিশুটির বতর্মান অভিভাবক তার মা মোছাঃ রিনা খাতুন গত ৫/০১/২০২০ খ্রিঃ তারিখে উন্নত চিকিৎসার জন্য উপজেলা পরিষদ হতে আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেছেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন,উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর (৫) এর ঘ নং অনুচ্ছেদ অনুযায়ি অপ্রত্যাশিত খাতে ঘূর্নিঝড়, বন্যা, প্রাকৃতিক দূর্যোগ,অগ্নিকান্ড,বেওয়ারিশ লাস দাফন ইত্যাদি ক্ষেত্রে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে এক অর্থবছরে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা ব্যয়ের সুযোগ রয়েছে। তিনি বলেন,যেহেতু ঘটনার বিবরণ সত্য এবং অগ্নিদগ্ধ মেয়েটির পরিবার অত্যন্ত গরীব এবং অসহায়, সেহেতু অগ্নিদগ্ধ শিশুটির উন্নত চিক্তিসা নিশ্চিত করতে উপজেলা রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্য দেওয়া যেতে পারে। সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান কি পরিমান অর্থ সাহায্য দেওয়া যায় এ বিষয়ে সকলের মতামত জানতে চাইলে বেগমপুর ইউপি চেয়ারম্যান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দেওয়ার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত অন্যান্য সদস্যবৃন্দও একমত পোষণ করেন। | অগ্নিদগ্ধ শিশুটির উন্নত চিকিৎসার জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার আর্থিক অনুদান প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং উক্ত অর্থ শিশুটির অভিভাবক মোছাঃ রিনা খাতুন এর ব্যাংক হিসাবে এ্যাকাউন্ট পে চেকের মাধ্যমে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা চেয়াম্যান। |
| **<u>আলোচ্যসূচি-০৬। ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাঃ</u>**সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় যেসকল প্রকল্প গ্রহণ করা | সংশোধীত প্রকল্প ২ টির প্রাক্কলণ প্রস্তুত করে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| হয়েছিলো তার কাজ চলমান আছে। এ বিষয়ে তিতুদহ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আকতার হোসেন বলেন,বাটিকাডাঙ্গা আঃ ওদুদ মিয়ার বাড়ী থেকে বাটিকাডাঙ্গা গ্রামের জামে মসজিদ পর্যন্ত এইচবিবি করন কাজটি ফ্লাট সোলিং করার প্রস্তাব করেন। শেষে রাস্তার এস্টিমেট রিকাস্ট করে ফ্লাট সোলিং করতে উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা দেওয়া হয়। সভায় কুতুবপুর ইউপি চেয়ারম্যান বলেন, ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের অর্থে কতুবপুর ইউপির নবীনগর গ্রামের বাক্কার বাড়ীর নিকট থেকে পূর্বপাড়া রোড পর্যন্ত ফ্লাট সোলিং করণ প্রকল্প গ্রহণ করা হয়, তিনি জানান,উক্ত কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ঠিকাদার অনেক সমস্যার সম্মুখিন হচ্ছে, এজন্য তিনি উক্ত প্রকল্পের নিম্নরুপ সাইড নির্বাচনের প্রস্তাব করেনঃ নবীনগর গ্রামের পশ্চিমপাড়া মন্ডলবাড়ী আতিয়ারের বাড়ী থেকে আমিরের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং করণ।শেষে সংশোধীত প্রকল্প অনুমোদন দেওয়া হয়। | ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| **<u>আলোচ্যসূচি-০৭। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের পূর্বানুমোদন এবং ১ টি পিআইসি প্রকল্প গ্রহণ ঃ</u>**<br>ক) উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের অনুমোদনঃ<br>১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অনূকুলে অনুদান প্রদান-১০,০০০/-<br>সভায় জানানো হয় গত ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখের ২২২ নং স্মারক মারফত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৪৯ তম জাতীয় স্কুল, মাদ্রসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রিড়া প্রতিযোগিতা-২০১৯ বাস্তবায়ন উপলক্ষে অর্থিক অনুদান প্রদানের অনুরোধ করেন। তাৎক্ষনিকভাবে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অনূকুলে ১০,০০০/- টাকার চেক প্রদান করা হয়। উক্ত ব্যয়ের অনুমোদন চাওয়া হলে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।<br><br>খ) সভায় জানানো হয়, নিম্ন বর্নিত খাত সমুহে ব্যয় করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরুপ খাতে ব্যয়ের পূর্বানুমোদন চাওয়া হয়ঃ<br>১) জানুয়ারি/২০ মাসের জাতীয় পত্রিকা ব্যয়-৯০০/-<br>২) জানুয়ারি /২০ মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>৩) উপজেলা শিক্ষা অফিসারের অনূকুলে অনুদান প্রদান-১৩,০০০/-<br>সভায় জানানো হয় গত ০৯/০১/২০২০ খ্রিঃ তারিখের ২০(ক) নং স্মারক মারফত উপজেলা শিক্ষা অফিসার বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা-২০১৯ এবং আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বাস্তবায়ন উপলক্ষে ১৩,০০০/- টাকা অর্থিক অনুদান প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে সভায় স্তিারিত আলোচনা হয় এবং উপজেলা শিক্ষা অফিসারের অনূকূলে উপজেলা রাজস্ব তহবিল হতে ১৩,০০০/- টাকার চেক প্রদানের অনুমতি দেওয়া হয়।<br><br>গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৩.১৯.৬০৬ নং স্মারক মোতাবেক আগামী ১৭.০৩.২০২০ খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস অর্থ্যাৎ ১০.০১.২০২০ খ্রিঃ তারিখ হতে দেশব্যাপী ক্ষণগণনা (কাউন্টডাউন) কার্যক্রম শুরু হবে। এ কার্যক্রমের উৎসব তৃণমূল পর্যায়ে পৌছে দেওয়ার জন্যে উপজেলা প্রশাসনকে নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি আরো জানান, মন্ত্রিপরিষদ বিভাগের ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৩.১৯.৬২৬ নং স্মারক মোতাবেক বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে উপলক্ষ্য করে সারা দেশে একযোগে আগামী ১০.০১.২০২০ | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অনূকূলে ১০,০০০/- টাকার অনুদান ব্যয় অনুমোদন দেওয়া হলো।<br><br>খ) পত্রিকা ও ইন্টারনেট খাতে ভাউচারের মাধ্যমে ব্যয়ের অনুমোদন দেওয়া হলো এবং উপজেলা শিক্ষা অফিসারের অনূকুলে উপজেলা রাজস্ব তহবিল হতে অুদান হিসাবে ১৩,০০০/- টাকার চেক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো।<br><br>গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি উপলক্ষে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ চত্তরে ক্ষণগণনা যন্ত্র স্থাপন সহ আসবাবপত্র ক্রয় প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত করত দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় | উঃনিঃঅঃ/ উপজেলা চেয়ারম্যান<br><br>উপজেলা প্রকৌশলী |

<table>
<tr>
<td>খ্রিঃ তারিখে ক্ষণগণনা কার্যক্রম শুরুর বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন। এক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান,জনপ্রতিনিধি,মুক্তিযোদ্ধা,রাজনৈতিক,সামাজিক,সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠনের সহায়তায় ক্ষণগণনা যন্ত্র স্থাপন সহ সাংস্কৃতিক অনুষ্ঠান অয়োজন করতে উপজেলা প্রশাসনকে নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি জানান,উক্ত অনুষ্ঠানাদি পালনে আনুমানিক ১,০০,০০০/- টাকা ব্যয় হবে। উক্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দের প্রস্তাব দেন। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বলেন,যেহেতু সমগ্র বাংলাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে এক উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে এবং দেশের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান ক্ষণগণনা যন্ত্র স্থাপনসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করছে সেহেতু এখাতে উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবিত ১,০০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দ দেওয়া যেতে পারে। সভায় উপস্থিত সম্মানিত অন্যান্য সদস্যগণও উক্ত বিষয়ে একমত পোষণ করেন। এছাড়া সভায় জানানো হয় উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য কিছু আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। এ খাতে বছরে ১.৫০ লক্ষ টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। ৫ টি চেয়ার,২ টি টেবিল ক্রয় করতে সম্ভাব্য ৭৫,০০০/- টাকা প্রয়োজন হবে বলে সভাকে জানানো হলে সভায় উক্ত আসবাবপত্র ক্রয়ের অনুমোদন দেওয়া হয়। বিধিমোতাবেক উক্ত কাজ পিআইসি’র মাধ্যমে বাস্তবায়নের সুযোগ আছে। আলোচোনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ পিআইসি প্রকল্প গ্রহণ/অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>১</td><td>ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি উপলক্ষে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ চত্তরে ক্ষণগণনা যন্ত্র স্থাপন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্যান্ডেল নির্মান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য আসবাবপত্র ক্রয়।</td><td>১,৭৫,০০০/-</td><td>১। মোঃ ইসলাম উদ্দীন,আলুকদিয়া ইউপি চেয়ারম্যান - প্রকল্প সভাপতি।<br>২। মোঃ জাহাঙ্গীর আলম, যুব উন্নয়ন অফিসার-সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য<br>৫। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য<br>৬। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৭। মোছাঃ মৌমিতা পারভীন,সমাসেবা কর্মকর্তা-সদস্য</td></tr>
</table>
</td>
<td>ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td></td>
</tr>
</table>

**আলোচ্যসূচি-০৮ বিবিধঃ**

১। সভায় উপস্থিতি প্রসঙ্গেঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ি প্রতি মাসের ২য় বৃহস্পতিবার উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য দপ্তর প্রধাণগণের উদ্দেশ্যে বলেন, উপজেলা পরিষদের মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভায় কোন প্রতিনিধি গ্রহণযোগ্য হবে না। তবে জরুরী কোন সরকারি নির্দেশনা ও দূর্ঘটনাজনিত কারনে উপস্থিত না হতে পারলে সভার ১ দিন পূর্বে লিখিত ভাবে জানাতে হবে। অন্যথায় ইচ্ছামাফিক সভায় অনুপস্থিত থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কেবিনেটকে পত্র দেওয়া হবে।

সিদ্ধান্তঃ ইউপি চেয়ারম্যান ও অন্যান্য দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।

২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তর প্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা করতে আগ্রহী নন। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

৪। বেগমপুর ইউপি চেয়ারম্যানঃ অত্র উপজেলার বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলী হোসেন বলেন, বেগমপুর ইউপির কৃষ্ণপুর হাটে বোয়ালমারী পাড়ার রাস্তার উপর পোল পড়েছে। তিনি বলেন, উক্ত পোল সরাতে এখন ৫৭,০০০/- টাকা

লাগবে। তিনি বলেন পল্লীবিদ্যুৎ সমিতি ইচ্ছামত আমাদেরকে অবহিত না করে পোল বসানোর জন্য এরুপ ভোগান্তির সৃষ্টি হচ্ছে।তিনি পোর বসানোর পূবে্ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষষদকে অবহিত করার ব্যপারে সভায় উপস্থিত পল্লী বিদ্যুতের ডিজিএমকে অনুরোধ করেন্

৫। উপজেলা পল্লী জীবিকায়ন (পজীপ)ঃ এ দপ্তরের কর্মকর্তা সভায় চলতি মাসের নিম্নরূপ চিত্র উপস্থাপন করনে। সমিতি গঠন-০, সদস্য ভর্তি-০,পুজি গঠন-০.০৪,সঞ্চয় আদায়-০.২৬, ঋণ বিতরণ ৭.৪৩,ঋণ আদায়-৪.৩৭। এছাড়া অন্যন্য কার্যক্রম স্বাভাবিক।

৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, জণশুমারী কার্যক্রম শিঘ্রই শুরু হবে। এ কার্যক্রমে তিনি ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।

৭। পল্লীবিদ্যুৎঃ সভায় উপস্থিত ডিজিএম চুয়াডাঙ্গা বলেন, প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার ঘোষণা দিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর উপজেলার প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার কাজ চলছে। তিনি জানান, যে সকল ইউপিতে এখনও পোল পোতা বাকী রয়েছে  সে সকল ইউপি চেয়ারম্যানদের অফিসে যোগাযোগ করার অনুরোধ করেন।

৮। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

৯। উপজেলা ডিজিটাল সেন্টারঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে। উপজেলা চেয়ারম্যান বলেন, এটি সরকারের একটি মহতী উদ্যোগ তিনি হস্তান্তরিত সকল কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে ফটোকপি রঙ্গিন ছবি সহ ই-মেইল করতে বাইরে কোথাও না গিয়ে উপজেলা ডিজিটাল সেন্টারে আসার আহবান করেন।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি  নতুন যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসারের জন্য শুভকামনা জানিয়ে বলেন, , আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

মুজিব শতবর্ষ MUJIB 100

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.১৯. ৫০০ (৪০) ।
২৩/০১/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।

৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৮। উপজেলা..................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।

১০। জনাব.................................................................................... ।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ১৩.০২.২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি সভার সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত জানুয়ারি/২০ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**যুব ও ক্রিড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০২/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে সেলাই মেশিন সরবরাহের প্রস্তাব করেন। | শতভাগ আদায়ের এ ধারা অব্যাহত রাখতে হবে। | যুবউন্নয়ন কর্মকর্তা। |
| **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০২/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ১.৪২, ঋণ বিতরণ ১৭.৯৮ ও আদায় ২৩.৮৯। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br>সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন, সমবায় কর্মকর্তা। |
| **সমাজ কল্যান বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০২/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধি ভাতভোগি নির্বাচনের কাজ চলমান আছে। তিনি সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানদের এ কাজে সহায়তা করার অনুরোধ করেন। | ভাতাভোগি নির্বাচনে সচ্ছতা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| **আলোচ্যসূচি-৩। উপজেলা কমিটি সমুহের সভার তারিখ সূনির্দিষ্টকরণ এবং নিয়মিত সভা আহবান করা প্রসঙ্গেঃ**<br>সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমান জানান, উপজেলা পর্যায়ে ১৭ টি | প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটি সমুহের সভা আহবানের তারিখ নির্ধারন | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

<table>
<tr>
<td>কমিটি গঠিত থাকলেও কমিটি সমুহের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়না। তিনি বলেন, সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণ এ বিষয়ে আরো আন্তরিক হওয়া দরকার। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা অভিমত জানান যে, প্রায় প্রতিটি কমিটিতেই ইউপি চেয়ারম্যানগণ সদস্য হওয়ায় তারা ভিন্ন ভিন্ন দিনে কমিটির সভায় উপস্থিত হতে অনাগ্রহ প্রকাশ করেন। ফলে নিয়মিত সভা করার আগ্রহ অনেকটা কমে যায়। তিনারা জানান,কমিটি সমুহের সভা নির্ধারিত তারিখে অনুষ্টিত হলে সদস্যগণ একদিনেই অনেকগুলো সভায় অংশগ্রহণ করতে পারে।এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পর্যায়ে গঠিত ১৭ টি কমিটির সভা প্রতি ২ মাস অন্তর আহবানের সরকারি নির্দেশনা রয়েছে। তিনি বলেন, একই দিনে ভিন্ন ভিন্ন সময়ে একের অধিক কমিটির সভা অনুষ্ঠিত হলে কমিটির সদস্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত হয়ে সভাকে প্রানবন্ত করে তুলতে পারবে।</td>
<td>করা হলো এবং প্রতি দুই মাস অন্তর কমিটি সমুহের সভা আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে দপ্তর প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।</td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-৪। হস্তান্তিরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।</u><br>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, অত্র উপজেলার ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমানে সমগ্র বিশ্বে আতঙ্কের নাম করোনা ভাইরাস। তিনি জানান, দর্শনা সিমান্তে কিছু এরিয়া সদর উপজেলার সঙ্গে মিশে আছে। তিনি সভায় এসব সিমান্ত এলাকায় স্থল বন্দর সমুহে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা তা জানতে চাইলে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন ডাক্তর নিয়ে দর্শনা সিমান্তে একটি টিম গঠন করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান বলেন,গত সভার সিদ্ধান্ত ছিল কমিউনিটি ক্লিনিক সমুহে নিয়োগকৃত সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারগণ সংশ্লিষ্ট ইউনিয়নে বসে রুগি দেখবে এ বিষয়ে সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার নিকট জানতে চাইলে তিনি বলেন বিষয়টা সিভিল সার্জন মহোদয়কে জানানো হয়েছে।</td>
<td>কমিউিনিটি ক্লিনিক সমুহে নিয়োগকৃত সাব-এ্যাসিসটেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারদেরকে নিজ কর্মস্থলে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সিভিল সার্জন,চুয়াডাঙ্গা কে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় চলতি মাসের সার পরিস্থিতির নিম্নরুপ চিত্র সভায় উপস্থাপন করেন:<br>
<table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ(মেঃ টন)</th><th>উত্তোলণ(মেঃ টন)</th><th>মজুদ(মেঃ টন)</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৯৮০</td><td>৮৮</td><td>৮৯২</td></tr>
<tr><td>টিএসপি</td><td>২০৯</td><td>-</td><td>২০৯</td></tr>
<tr><td>এমওপি</td><td>২৮৫</td><td>৯.২</td><td>২৭৫.৮</td></tr>
<tr><td>ডিএপি</td><td>২৩৫.২৫</td><td>১০.৫</td><td>২২৪.৭৫</td></tr>
</table>
এছাড়া সভায় উপজেলা কৃষি অফিসার জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলায় ফসলের ক্ষতিকর পোকা দেখা দিয়েছে যা এখন নিয়ন্ত্রনে আছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ অভিযোগ করে বলেন,বিভিন্ন ইউনিয়নে কর্মরত উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের নিকট না গিয়ে ডিলারদের নিকট বসে থাকে এবং ইউনিয়ন পরিষদে বসার জায়গা থাকলেও সেখানে তারা বসে না। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, কৃষি সেবা প্রান্তিক পর্যায়ের কৃষকের কাছে পৌছে দিতে উপ সহকারী কৃষি কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। এছাড়া একটা নির্দিষ্ট সময় তাদেরকে সংশ্লিস্ট ইউনিয়ন পরিষদে বসতে হবে। তিনি এ বিষয়ে উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষন করে বলেন, কতজন উপ সহকারী কৃষি কর্মকর্তা অত্র উপজেলায় কর্মরত আছে এবং কে কোন ইউনিয়ন পরিষদে কখন বসছে তার একটি তালিকা করতে হবে। তিনি উপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন,নির্ধারিত তারিখ ও সময় মাইকে প্রচারের ব্যবস্থা করতে হবে যাতে কৃষকরা অবহিত হতে পারে।</td>
<td>উপ সহকারী কৃষি কর্মকর্তা গণ কখন কোন ইউপিতে বসছে তার তালিকা করতে উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা দেওয়া হলো এবং এ বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উঃ কৃষি কর্মকর্তা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৩। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অত্র সদর উপজেলায় চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮২.৮৪% । এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৭৭ জন , গর্ভবতী সেবা ১৮৩১ জন এবং ৫০৭ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ পঃপঃ কর্মকর্তা। |
| ৪। উপজেলা মৎস্য বিভাগঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও ৯ টি প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । তিনি মৎস্য আড়তে মাঝে মাঝে মোবাইর কোর্ট পরিচালনা করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৫। উপজেলা প্রাণীসম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃতিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৭১২ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫৬৮৮ মাত্রা, হাঁস-মুরগী ৫১০০০ মাত্র। এছাড়া তিনি জানান, এ মাসে ২৯০৮ টি গবাদি পশু এবং ১০০৭৯ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ নাই, উঠান বৈঠকের আয়োজন নাই, ডিম উৎপাদন-৩১৪৩২৬৭ টি,দুধ উৎপাদন-১১০০ মেঃ টন,মাংশ উৎপাদন-১৪৬৫ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-০.৮০ একর এবং খামার পরিদর্শন-১০টি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রানীসম্পদ কর্মকর্তা। |
| ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি ২০১৯-২০ অর্থবছরে টিআর ২,১৯,৫৯,২৭২ টাকা বরাদ্দ পাওয়া যায় যার বিপরীতে ১৭৫ টি প্রকল্প গ্রহণ করা হয়,কাবিটা ৩৬,৮৬,২২১ টাকার বিপরীতে ৬৭ টি কাবিখা ১২৬.৬৭৮৮ মে.টন এর বিপরীতে ২৪ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে , ইজিপিপিতে ১,৩১,৯৪,৩২৯ টাকার বিপরীতে ৫৮ টি প্রকল্প নেওয়া হয়েছে। কাজ চলমান আছে। এছাড়া ২০১৯-২০ অর্থবছরে টিআর কর্মসূচির আওতায় ৩৬ টি দুর্যোগ সহনীয় বাসগৃহ বরাদ্দ পাওয়া গেছে যার কাজ চলমান আছে। | গৃহীত প্রকল্পের তদারিক অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৭। উপজেলা প্রকৌশল বিভাগ (উন্নয়নমূলক কার্যক্রম)ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর বিপরীতে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছিল তা কিছু বাস্তবায়ন শেষ হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে টেন্ডার প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে রয়েছে। দ্রুত কাজ শুরু হবে। | গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ। |
| ০৮। উপজেলা পরিবেশ ও বন বিভাগঃ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ সভায় জানান, সামাজিক বন বিভাগ কুষ্টিয়া কর্তৃক চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপি সুইচ গেট হতে বিত্তের দাইড় পর্যন্ত ৫.০ কি.মি. সংযোগ সড়ক বাগান বিক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়েছে। আগ্রহী ব্যক্তি/ব্যাবসায়ীদের উক্ত দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি সভায় জানান,জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে অত্র উপজেলার বন বিভাগের নার্সারীতে ২০৩২৫ টি চারা উত্তোলন কার্যক্রম চলমান আছে। | বাগান বিক্রয়ের ক্ষেতে সরকারি নির্দেশনা যথাযথ ভাবে অনুসরন করতে হবে্ | উঃ বন কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| ০৯। উপজেলা শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় বলেন,তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান, অত্র উপজেলায় মোট প্রাথমিক বিদ্যালয় ১২১ টি। সকল বিদ্যালয়ে শিক্ষকদের বিষয়ভিত্তিক ,আইসিটি সহ সাব ক্লাস্টার প্রশিক্ষণ অব্যাহত আছে। ২০২০ শিক্ষা বর্ষের বই বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হয়েছে। এছাড়া শিক্ষা মান বৃদ্ধি করতে পরিদশন অব্যাহত রাখা হয়েছে। | প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল বিভাগঃ<br>উপ-প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিভাগ সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে ১৯ টি ওয়াশ ব্লক,১০৪ টি তারা গভীর টিউবওয়েল,১৪ টি দেড় ইঞ্চি গভীর টিউবওয়েল,২৭ টি স্যালো টিউবওয়েল,১ টি কমিনিটি টয়লেট এবং ১২ টি আর ও ফিল্টার বরাদ্দ পাওযা যায় যার কাজ চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১২। উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন অফিসার জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| **আলোচ্যসূচি-০৫। ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় যেসকল প্রকল্প গ্রহণ করা হয়েছিলো তার কাজ চলমান আছে। এ বিষয়ে পদ্মবিলা ইউপি চেয়ারম্যান মোঃ আবু তাহের বিশ্বাস সভায় বলন, ২০১৯-২০ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল থেকে বেগনগর চিশতিয়া দরবার শরীফ উন্নয়ন বাবদ ১,০০,০০০/- বরাদ্দ করা হয়েছিলো যার প্রাক্কলন অনুযায়ী ঠিকাদার কাজ শুরু করবে কিন্তু দেখা যাচ্ছে জনসাধারণ যা চাই প্রাক্কলনে তা নাই এ জন্য তিনি বরাদ্দ অপরিবর্তীত রেখে প্রাক্কলণ রি কাষ্ট করার প্রস্তাব সভায় উত্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে উক্ত প্রকল্পের প্রাক্কলণ রি কাস্ট করে প্রকল্প বাস্তবায়নের ব্যপারে সকলে একমত পোষন করেন। উপজেলা নির্বাহী অফিসার বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি এর টেন্ডার কাজের অগ্রগতি জানতে চাইলে উপজেলা প্রকৌশলী বলেন, ২০১৯-২০ অর্থবছরে এডিপির টেন্ডার কার্যক্রম প্রায় শেষ পর্যয়ে আছে তিনি জানান,আগামী মাসিক সভার পূর্বেই ঠিদাকার নির্বাচনের কাজ শেষ হয়ে যাবে। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন,জুনের আগে কাজ শেষ করতে হলে দ্রুত ঠিকাদার নির্বাচনের কাজ সমাপ্ত করতে হবে। | ক) বেগনগর চিশতিয়া দরবার শরীফ উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন রি কাস্ট করে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।<br><br>খ) ২০১৯-২০ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি'র টেন্ডার কার্যক্রম যত দ্রুত সম্ভব শেষ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৬। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে অর্থ ব্যয়ের অনুমোদন গ্রহণ ঃ**<br>সভায় জানানো হয়, নিম্ন বর্নিত খাত সমুহে ব্যয় করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরুপ খাতে ব্যয়ের পূর্বানুমোদন চাওয়া হয়ঃ<br>১) ফেব্রুয়ারি/২০ মাসের সংবাদ পত্রের ব্যয়-১৫৫০/-<br>২) ফেব্রুয়ারি/২০ মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>এছাড়া সভায় জানানো হয়,উপজেলা পরিষদ চত্তরের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিভিন্ন স্থানে ৫০ টির অধিক নিরাপত্তা বাতি লাগানো আছে। এর মধ্যে ৩০-৩৫ বাতি নষ্ট হওয়া সহ কিছু স্থানে ক্যাবল পুড়ে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবণ সহ উপজেলা পরিষদ চত্তরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় বৈদুতিক সংযোগ মেরামত সহ নষ্ট বাতিগুলোর স্থলে নতুন বাতি স্থাপন করা প্রয়োজন। এছাড়া উপজেলা চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যানদ্বয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কমন টয়লেটে বৈদ্যুতিক সংযোগ মেরামত সহ ১০ বাতি স্থাপন করা প্রয়োজন। সভায় জানানো হয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে আরো কিছু ব্যয় প্রয়োজন যেমন: উপজেলা পরিষদের আম বাগানে স্প্রে করা,পরিষদ চত্তর পরিষ্কার করা,কিছু অফিস দ্রব্যাদি যেমন, আমবাগানে স্প্রে করার বিষ সহ অন্যান্য কিটনাষক,প্লাস্টিক ডাস্টবিন,ফুলের রিং,তোয়ালে,কেটলী,বালতি,ব্যানার ইত্যাদি ক্রয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপরে বর্নিত মালামাল ক্রয় সহ মেরামত কাজ সম্পন্ন করতে সম্ভাব্য কত টাকা লাগতে পারে এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর কাছে জানতে চাওয়া হলে তিনি জানান, বৈদ্যূতিক বাল্প ক্রয় সহ মেরামত কাজ সম্পন্ন করতে আনুমানিক ২৫,০০০/- টাকা এবং আমবাগানে স্প্রে সহ অফিস দ্রব্যাদি ক্রয়ে আনুমানিক ২৫,০০০/- টাকা লাগতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে বর্নিত মালামাল সংগ্রহ পূর্বক প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করতে উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সহকারীকে দায়িত্ব দেওয়া হয় | সংবাদ পত্রের বিল,ইন্টারনেট বিল, বৈদ্যুতিক সংযোগ মেরামত এবং বর্নিত অফিস দ্রব্যাদি সমুহ ক্রয়ের ক্ষেত্রে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ বিধিমোতাবেক ভাউচারের মাধ্যমে ব্যয়ের অনুমোদন দেওয়া হলো । | উঃনিঃঅঃ/ উপজেলা চেয়ারম্যান |

**আলোচ্যসূচি-০৭ বিবিধঃ**

১। সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গেঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ি প্রতি মাসের ২য় বৃহস্পতিবার উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য দপ্তর প্রধাণগণের উদ্দেশ্যে বলেন, উপজেলা পরিষদের মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভায় কোন প্রতিনিধি গ্রহণযোগ্য হবে না। তবে জরুরী কোন সরকারি নির্দেশনা ও দূর্ঘটনাজনিত কারনে উপস্থিত না হতে পারলে সভার ১ দিন পূর্বে লিখিত ভাবে জানাতে হবে। অন্যথায় ইচ্ছামাফিক সভায় অনুপস্থিত থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কেবিনেটকে পত্র দেওয়া হবে।

সিদ্ধান্তঃ ইউপি চেয়ারম্যান ও অন্যান্য দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।

২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তর প্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা করতে আগ্রহী নন। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

৪। বেগমপুর ইউপি চেয়ারম্যানঃ অত্র উপজেলার বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলী হোসেন বলেন, হিজলগাড়ী থেকে দর্শনা রোডে কয়েকটি ইটভাটা কাঠ দিয়ে চলে এগুলোর ব্যাপারে ব্যবস্থা নিতে অনুরোধ করেন। এছাড়া তিনি জানান, নেহালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ছাত্রীর তুলনায় শিক্ষক কম । তিনি সেখানে শিক্ষক দেওয়ার জন্য অনুরোধ করেন।

৫। মোমিনপুর ইউপি চেয়ারম্যানঃ অত্র উপজেলার মোমিনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার বলেন, ইটভাটার মালিকরা গ্রামের মধ্যে বড়বড় গাড়ী ঢুকিয়ে গ্রামীন রাস্তা নষ্ট করছে। তাছাড়া চাষের জমি নষ্ট করে ভেকু দিয়ে মাটি তুলছে। তিনি এ বিষয়ে পদক্ষেপ নিতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

৬। উপজেলা পল্লী জীবিকায়ন (পজীপ)ঃ এ দপ্তরের কর্মকর্তা সভায় চলতি মাসের নিম্নরূপ চিত্র উপস্থাপন করনে। সমিতি গঠন-০, সদস্য ভর্তি-০,পুজি গঠন-০.০৪,সঞ্চয় আদায়-০.২৬, ঋণ বিতরণ ৭.৪৩,ঋণ আদায়-৪.৩৭। এছাড়া অন্যন্য কার্যক্রম স্বাভাবিক।
৭। উপজেলা পরিসংখ্যান অফিসঃ সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, জণশুমারী কার্যক্রম শিঘ্রই শুরু হবে। এ কার্যক্রমে তিনি ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।

৮। পল্লীবিদ্যুৎঃ সভায় উপস্থিত ডিজিএম চুয়াডাঙ্গা বলেন, প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার ঘোষণা দিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর উপজেলার প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার কাজ চলছে। তিনি জানান, যে সকল ইউপিতে এখনও পোল পোতা বাকী রয়েছে সে সকল ইউপি চেয়ারম্যানদের অফিসে যোগাযোগ করার অনুরোধ করেন।

৯। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

১০। উপজেলা ডিজিটাল সেন্টারঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে। উপজেলা চেয়ারম্যান বলেন, এটি সরকারের একটি মহতী উদ্যোগ তিনি হস্তান্তরিত সকল কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে ফটোকপি রঙ্গিন ছবি সহ ই-মেইল করতে বাইরে কোথাও না গিয়ে উপজেলা ডিজিটাল সেন্টারে আসার আহবান করেন।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি নতুন যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসারের জন্য শুভকামনা জানিয়ে বলেন, , আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.১৯. ৫০৮ (৪০) ।
২৫/০২/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা..................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
১০। জনাব.................................................................................... ।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ০৯/২০১৯-২০ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
**তারিখ ঃ ১২.০৩.২০২০ খ্রিঃ।**
**সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভাপতি সভার সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত ফেব্রুয়ারি/২০ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |

<table>
<tr>
<td><u>আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।</u><br>মৎস্য ও প্রানীসম্পদ বিষয়ক উপজেলা কমিটিঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, বিগত ০৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও ৯ টি প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । তিনি মৎস্য আড়তে মাঝে মাঝে মোবাইর কোর্ট পরিচালনা করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।</td>
<td>পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ক উপজেলা কমিটিঃ<br>উপ-প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন সভায় জানান, বিগত ০৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, ২০১৯-২০ অর্থবছরে ১৯ টি ওয়াশ ব্লক,১০৪ টি তারা গভীর টিউবওয়েল,১৪ টি দেড় ইঞ্চি গভীর টিউবওয়েল,২৭ টি স্যালো টিউবওয়েল,১ টি কমিনিটি টয়লেট এবং ১২ টি আর ও ফিল্টার বরাদ্দ পাওয়া যায় যার কাজ চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটিঃ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ সভায় জানান, বিগত ০৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, সামাজিক বন বিভাগ কুষ্টিয়া কর্তৃক চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপি সুইচ গেট হতে বিত্তের দাইড় পর্যন্ত ৫.০ কি.মি. সংযোগ সড়ক বাগান বিক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়েছে। আগ্রহী ব্যক্তি/ব্যাবসায়ীদের উক্ত দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি সভায় জানান,জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে অত্র উপজেলার বন বিভাগের নার্সারীতে ২০৩২৫ টি চারা উত্তোলন কার্যক্রম চলমান আছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা বন।</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-৩। হস্তান্তিরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।</u><br>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, অত্র উপজেলার ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমানে সমগ্র বিশ্বে আতঙ্কের নাম করোনা ভাইরাস। তিনি জানান, দর্শনা সিমান্তে কিছু এরিয়া সদর উপজেলার সঙ্গে মিশে আছে। তিনি সভায় এসব সিমান্ত এলাকায় স্থল বন্দর সমুহে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা তা জানতে চাইলে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন ডাক্তর নিয়ে দর্শনা সিমান্তে একটি টিম গঠন করা হয়েছে।</td>
<td>করোনা ভাইরাস মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় চলতি মাসের সার পরিস্থিতির নিম্নরুপ চিত্র সভায় উপস্থাপন করেন:
<table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ(মেঃ টন)</th><th>উত্তোলণ(মেঃ টন)</th><th>মজুদ(মেঃ টন)</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৯৮০</td><td>৮৮</td><td>৮৯২</td></tr>
<tr><td>টিএসপি</td><td>২০৯</td><td>-</td><td>২০৯</td></tr>
<tr><td>এমওপি</td><td>২৮৫</td><td>৯.২</td><td>২৭৫.৮</td></tr>
<tr><td>ডিএপি</td><td>২৩৫.২৫</td><td>১০.৫</td><td>২২৪.৭৫</td></tr>
</table></td>
<td>উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নির্ধারিত কক্ষে নির্দারিত দিনে বসার ব্যবস্থা করতে হবে।</td>
<td>উঃ কৃষি কর্মকর্তা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| এছাড়া সভায় উপজেলা কৃষি অফিসার জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলায় ফসলের ক্ষতিকর পোকা দেখা দিয়েছে যা এখন নিয়ন্ত্রনে আছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ অভিযোগ করে বলেন,বিভিন্ন ইউনিয়নে কর্মরত উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের নিকট না গিয়ে ডিলারদের নিকট বসে থাকে এবং ইউনিয়ন পরিষদে বসার জায়গা থাকলেও সেখানে তারা বসে না। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, কৃষি সেবা প্রান্তিক পর্যায়ের কৃষকের কাছে পৌছে দিতে উপ সহকারী কৃষি কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। এছাড়া একটা নির্দিষ্ট সময় তাদেরকে সংশ্লিস্ট ইউনিয়ন পরিষদে বসতে হবে। | | |
| ৩। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অত্র সদর উপজেলায় চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮২.৮৪% । এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৭৭ জন , গর্ভবতী সেবা ১৮৩১ জন এবং ৫০৭ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ পঃপঃ কর্মকর্তা। |
| ৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে সেলাই মেশিন সরবরাহের প্রস্তাব করেন। | এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মর্কর্তা। |
৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, জণশুমারী কার্যক্রম শিঘ্রই শুরু হবে। এ কার্যক্রমে তিনি ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।

৭। পল্লীবিদ্যুৎঃ সভায় উপস্থিত ডিজিএম চুয়াডাঙ্গা বলেন, প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার ঘোষণা দিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর উপজেলার প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার কাজ চলছে। তিনি জানান, যে সকল ইউপিতে এখনও পোল পোতা বাকী রয়েছে সে সকল ইউপি চেয়ারম্যানদের অফিসে যোগাযোগ করার অনুরোধ করেন।

৮। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

০৯। উপজেলা ডিজিটাল সেন্টারঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে। উপজেলা চেয়ারম্যান বলেন, এটি সরকারের একটি মহতী উদ্যোগ তিনি হস্তান্তরিত সকল কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে ফটোকপি রঙ্গিন ছবি সহ ই-মেইল করতে বাইরে কোথাও না গিয়ে উপজেলা ডিজিটাল সেন্টারে আসার আহবান করেন।

১০। বাংলা ১৪২৭ সনের হাট বাজার ইজারা সংক্রান্ত : এ উপজেলার ২৪টি সাপ্তাহিক হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১৪২৭ সনে ১৪ টি হাট ইজারা প্রদান করা হয়। বাকী ১০টি হাটের জন্য পর পর ৩ বার বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও কোন দরপত্র না পাওয়ায় বিজ্ঞপ্তি দেয়া সম্ভব হয়নি। উক্ত হাটগুলি বিধি মোতাবেক খাস আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু এ উপজেলা নীলমনিগঞ্জ সাপ্তাহিক হাট ইজারা প্রদান করা হলেও ইজারাদার জামানতসহ ১৩,০০,০০০/- টাকা জমা প্রদানের পর বাব বার তাগাদা দেওয়া সত্ত্বেও অবশিষ্ট টাকা পরিশোধ করেননি। উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি উক্ত হাটটি সরকারি দখলে নিয়ে নীতিমালা অনুযায়ী খাস আদায়ের ব্যবস্থা করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক হাটটি সরকারি দখলে নিয়ে নীতিমালা অনুযায়ী খাস আদায়ের ব্যবস্থা করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহিত হয়।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে

হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২০. ৫৪৯ (৪০) ।
২২/০৯/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
১০। জনাব.................................................................................।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ০৩/২০২০-২১ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২৮.০৯.২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপদেষ্টা ঃ জনাব সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)
মাননীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা-১
বাংলাদেশ জাতীয় সংসদ।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় উপদেষ্টা মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন। মাননীয় উপদেষ্টা জনাব সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, সরকারের উদ্দেশ্য হলো জনগণের দৌড়গোড়ায় সেবা পৌছে দিয়ে প্রান্তীক জনগোষ্ঠির জীবন মানের উন্নতি সাধন করা। আর সরকারের এই মহতি উদ্যোগকে বাস্তবায়ন করতে হলে জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাদেরকে এক অন্যের পরিপূরক হয়ে কাজ করতে হবে। তিনি সরকারী সব দপ্তরের যেকোন ধরণের বরাদ্দ আসলে তা জনপ্রতিনিধিদের সাথে আলোচনা করে কাজ করার পরামর্শ দেন। তিনি উপজেলা পর্যায়ে গঠিত বিভিন্ন দপ্তরের উপজেলা কমিটি নিয়মিত সভা করে তার আলোচনা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার তাগিদ দেন। উপজেলা পরিষদ উক্ত আলোচনার উপর সিদ্ধান্ত /প্রকল্প গ্রহণ করলে কমিটিগুলো কার্যকর হবে বলে মত প্রকাশ করেন।

**অত:পর বিভাগওয়ারী আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।**
**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত আগস্ট/২০ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে উপজেলা চত্তরে ১০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন কৃষক প্রশিক্ষণ হলরুম স্থাপন এবং করোনাকালীন কৃষি ব্যবস্থাপনা ও কৃষকের স্বাস্থ্য | প্রস্তাব বিবেচনাধীন রাখা হলো।অন্যান্য বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সুরক্ষা বিষয়ক কৃষক কর্মশালা আয়োজন করা। | | |
| **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, চলতি মাসে প্রাথমিক বিদ্যালয় সমুহ খুলে দেওয়ার সম্ভাবনা রয়েছে। এজন্য প্রতিটি বিদ্যালয়ে সামাজিক দুরত্ব বজায় রাখা সহ বালতি ,সাবান ও হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখা হয়েছে। তিনি জাইকার অর্থায়নেবাস্তবায়নের নিমিত্তে নিম্নরুপ ২ টি প্রস্তাব সভায় উপস্থাপন করেন।<br>১। প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটির প্রশিক্ষণ ব্যবস্থা করা।<br>২। প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন করা। | প্রস্তাব বিবেচনাধীন রাখা হলো।অন্যান্য বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিগত ১০/০৯/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, এ উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারীভাবে ল্যাপটপ ও প্রজেক্টর দেওয়া হয়েছে। ৮ টি বিদ্যালয় ও ৪ টি মাদ্রসা সহ মোট ১২ টি প্রতিষ্ঠানে ল্যাপটপ ও প্রজেক্টর না থাকায় অনলাইনে শ্রেণী কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছেনা এজন্য তিনি এই ৮ টি প্রতিষ্ঠানে উপজেলা পরিষদ হতে ১টি ল্যাপটপ এবং ১টি প্রজেক্টর প্রদানের সুপারিশ করেন। | প্রস্তাব বিবেচনাধীন রাখা হলো। অন্যান্য বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| <u>**আলোচ্যসূচি-৩। হস্তান্তিরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**</u><br>১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, অত্র উপজেলার ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমানে সমগ্র বিশ্বে আতঙ্কের নাম করোনা ভাইরাস। তিনি স্বস্থ্য বিভাগকে আরো তৎপর থাকার পরামর্শ দেন। | করোনা ভাইরাস মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা। |
| ৩। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও ৯ টি প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান আগামী ১৮/১০/২০২০ হতে ০৮/১১/২০২০ খ্রি: পর্যন্ত মা ইলিশ রক্ষা অভিযান পরিচালিত হবে এসময় মাছ ধরা,পরিবহন,মজুদ,বিপনণ এবং বিনিময় নিশিদ্ধ থাকবে। | এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৪। উপজেলা প্রাণীসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃতিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৫১৪ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৬৩২০ মাত্রা, হাঁস-মুরগী ৬৪০০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৪৩৮ টি গবাদি পশু এবং ১৫৮১২ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ নাই, উঠান বৈঠকের আয়োজন নাই, ডিম উৎপাদন-৩৭৫০০০ টি,দুধ উৎপাদন-১৫৬৫মেঃ টন,মাংশ উৎপাদন-৫০৮৫ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-৩.৪০ একর এবং খামার পরিদর্শন-১২টি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রানীসম্পদ কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| ৫। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান,তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮২.৯৪%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৭২ জন , গর্ভবতী সেবা ২০২৪ জন এবং ৩৬৯ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৬। উপজেলা প্রকৌশল বিভাগ (উন্নয়নমূলক কার্যক্রম)ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর বিপরীতে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছিল তার বাস্তবায়ন শেষ হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্প সমুহও শতভাগ বাস্তবায়ন হয়েছে। এছাড়া ২০২০-২১ অর্থবছরে এডিপি ১ম কিস্তিতে ২৫.৭৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে।। | গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ। |
| ০৭।উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। তিনি উপজেলা পরিষদের অর্থে ৩০ টি সেলাই মেশিন দেওয়ার প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ০৮। উপজেরা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে যেসকল পানির উৎসের বরাদ্দ পাওয়া গিয়েছিলো তার সকল কাজ শেষ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ০৯। উপজেলা পল্লীউন্নয়ন ও সমবায় বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br><br>সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br><br>সমবায় কর্মকর্তা। |
| ১০। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান,২০১৯-২০ অর্থবছরের বর্ধিত ৫৯২ জন বয়স্ক,৪৪২ জন বিধবা,ও ১২৬৬ জন প্রতিবন্ধিভাতা প্রদানের লক্ষ্যে ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হয়েছে। আগামী সপ্তাহে ভাতা প্রদান সম্পন্ন হবে। এছাড়া ৪১০ জনকে করোনাকালীন ত্রান দেওয়া হয়েছে । তিনি আরো জানান,বিগত মাসে ২০ জন ক্যান্সার কিডনী,লিভার সিরোসিস এর আবেদন পাওয়া গেছে যা প্রক্রিয়াধীন রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর ও কাবিখা বরাদ্দ পাওয়া গেছে, প্রকল্প গ্রহণ করা হয়নি। | গৃহীত প্রকল্পের তদারিক অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

<table>
<tr>
<td>১২। উপজেলা বন বিভাগঃ সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায় নি।</td>
<td>উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকতে হবে।</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ।</td>
</tr>
<tr>
<td>১৩। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায় নি।</td>
<td>উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকতে হবে।</td>
<td>মহিলা বিষয়ক কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও প্রকল্প গ্রহণ ঃ</u><br>ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>১) সেপ্টেম্বর/২০ মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>২) সংবাদপত্রের বিল-১৫৫০/-<br>৩) মডেম,টোনার,এসএসডি,ক্যাসিং ইত্যাদি কম্পিউটার সামগ্রি ক্রয়-১৯,৯৮০/-<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয় সমুহ সঠিক আছে বলে জানানো হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যাপারে সকলে একমত পোষণ করেন।<br>সভায় উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরুপ প্রকল্প গ্রহণ করা হয় এবং নিম্নরুপ প্রকল্প কমিটি অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>১।</td><td>উপজেলা পরিষদের পুরাতন ফুল বাগান সহ নতুন ফল বাগানে লাইটিংকরণ, অনারবোর্ড স্থাপন, ভাইস চেয়ারম্যানের চেয়ার, ক্রোকারিজ সামগ্রি ক্রয় এবং আনসারদের জন্য চেয়ার টেবিল বেড,সহ বিভিন্ন মালামাল ক্রয় প্রকল্প।<br>(অফিস দ্রব্যাদি ক্রয়, আসবাপত্র ক্রয় এবং আনসার খাত)</td><td>২,০০,০০০/-</td><td>১। মোঃইসলামউদ্দিন,চেয়ারম্যান,আলুকদিয়াইউপি -প্রকল্প সভাপতি।<br>২।মোঃ ইব্রাহিম হামিদ শাহিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার-সদস্য সচিব<br>৩। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৪। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৫। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য<br>৬।মোঃ জাহাঙ্গীর আলম,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোছাঃ মৌমিতা পারভীন,সমাজসেবা কর্মকর্তা-সদস্য</td></tr>
</table>
বর্ণিত প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এবং উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলণ প্রস্তুত পূর্বক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।</td>
<td>ক) বর্ণিত ১,২,৩, নং ক্রমিকের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে বিধিমোতাবেক ভাউচারের মাধ্যমে পরিশোধের অনুমোদন দেওয়া হলো । এবং গৃহীত প্রকল্পটি বাস্তবায়নের পরবতী ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উঃ প্রকৌশলী উঃনিঃঅঃ/ উপজেলা চেয়ারম্যান</td>
</tr>
</table>

**<u>আলোচ্যসূচি-০৬ বিবিধঃ</u>**

**<u>১। সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গেঃ</u>** সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ি প্রতি মাসের ২য় বৃহস্পতিবার উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য দপ্তর প্রধাণগণের উদ্দেশ্যে বলেন, উপজেলা পরিষদের মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভায় কোন প্রতিনিধি গ্রহণযোগ্য হবে না।

সিদ্ধান্তঃ ইউপি চেয়ারম্যান ও অন্যান্য দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। উপজেলা পল্লী জীবিকায়ন (পজীপ)ঃ** এ দপ্তরের কর্মকর্তা সভায় চলতি মাসের নিম্নরূপ চিত্র উপস্থাপন করনে। সমিতি গঠন-০, সদস্য ভর্তি-০,পুজি গঠন-০.১২,সঞ্চয় আদায়-০.৩৩, ঋণ বিতরণ ১২.৬০,ঋণ আদায়-১৭.০০। এছাড়া অন্যন্য কার্যক্রম স্বাভাবিক।
৫। **উপ- সহকারী প্রকৌশলী,বিএডিসি (ক্ষুদ্রসেচ):** সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায়নি।

৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায়নি।

৭। পল্লীবিদ্যুৎঃ সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায়নি।

৮। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

৯। উপজেলা ডিজিটাল সেন্টারঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে। উপজেলা চেয়ারম্যান বলেন, এটি সরকারের একটি মহতী উদ্যোগ তিনি হস্তান্তরিত সকল কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে ফটোকপি রঙ্গিন ছবি সহ ই-মেইল করতে বাইরে কোথাও না গিয়ে উপজেলা ডিজিটাল সেন্টারে আসার আহবান করেন।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২০. ৫৫৭ (৪০) ।
০১/১০/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
১০। জনাব.................................................................................... ।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ০৪/২০২০-২১ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ০৮.১০.২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত সেপ্টেম্বর/২০ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |

<table>
<tr><td><u>আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।</u><br>স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটিঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০১/১০/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন,অত্র সদর উপজেলায় চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮২.৯৬%। এছাড়া চলতি মাসে ডেলিভারী সেবা ৭৭ জন (নরমাল-৬৫, সিজার-১২), গর্ভবতী সেবা ২০০২ জন এবং ৩৪৪ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।</td><td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>যুব ও ক্রিড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটিঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০১/১০/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%।</td><td>প্রস্তাব বিবেচনাধীন রাখা হলো।অন্যান্য বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>সমাজকল্যান বিষয়ক উপজেলা কমিটি: উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিগত ০১/১০/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে তার দপ্তরের বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতা সহ অন্যান্য ভাতা সমুহ সুষ্ঠভাবে বিতরণ চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td><u>আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।</u><br>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,অত্র উপজেলার ২৬ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯৬৭২ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৪০১ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউিনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। এছাড়া করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে রেখে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।</td><td>কমিউিনিটি ক্লিনিক সমুহে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা।</td></tr>
<tr><td>২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় চলতি মাসের সার পরিস্থিতির নিম্নরুপ চিত্র সভায় উপস্থাপন করেন:
<table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ (মে: টন)</th><th>উত্তোলণ(মে: টন)</th><th>মজুদ (মে: টন)</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৯১৭ মেঃ টন</td><td>৩৬ মেঃটন</td><td>৮৮১ মেঃ টন</td></tr>
<tr><td>টিএসপি</td><td>৩০৭২ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৩০৭২মেঃ টন</td></tr>
<tr><td>এমওপি</td><td>৪১৯ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৪১৯ মেঃ টন</td></tr>
<tr><td>ডিএপি</td><td>৫১৬ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৫১৬ মেঃ টন</td></tr>
</table>
এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।</td><td>সারের কৃত্রিম সংকট রোধে ডিলারসমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা।</td></tr>
<tr><td>৩। উপজেলা মৎস্য বিভাগঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ৩১ টি মৎস্য খামার ও ৯ টি প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান আগামী ১৪/১০/২০২০ হতে ১৩/১১/২০২০ খ্রি: পর্যন্ত মা ইলিশ রক্ষা অভিযান পরিচালিত হবে এসময় মাছ ধরা,পরিবহন,মজুদ,বিপনণ এবং বিনিময় নিশিদ্ধ থাকবে।তিনি বলেন,২০১৯-২০ অর্থবছরে এডিপি এর অর্থায়নে স্থাপিত ৩ টি মৎস্য অভয়াশ্রমের প্রভাবে দেশীয়</td><td>এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন এবং মাছের আড়তে অভিযান অব্যাহত রাখতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| প্রজাতীর মাছের প্রাচুর্য্যতা বৃদ্ধি পেতে মুরু করেছে। | | |
| ৪। উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬২৪ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৪১৯২ মাত্রা, হাঁস-মুরগী ৪২৫০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৬৪৫ টি গবাদি পশু এবং ১৬৮২৪ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ নাই, উঠান বৈঠকের আয়োজন নাই, ডিম উৎপাদন-৪২২৫০০০ টি,দুধ উৎপাদন-১৫৮৫মেঃ টন,মাংশ উৎপাদন-১৬৬৫ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-৩.৮০ একর এবং খামার পরিদর্শন-১৫টি। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রানীসম্পদ কর্মকর্তা |
| ০৫। উপজেলা প্রকৌশল বিভাগ (উন্নয়নমূলক কার্যক্রম)ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর বিপরীতে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছিল তার বাস্তবায়ন শেষ হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্প সমূহও শতভাগ বাস্তবায়ন হয়েছে। এছাড়া ২০২০-২১ অর্থবছরে এডিপি ১ম কিস্তিতে ২৫.৭৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এবং ২০২০-২১ অর্থবছরে রাজস্ব উদ্বৃত্তের ১,২০,৮৮,০৮৪/- টাকা উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) আওতায় পাওয়া গেছে। | গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ। |
| ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, এ উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারীভাবে ল্যাপটপ ও প্রজেক্টর দেওয়া হয়েছে। এগুলোতে অনলাইনে শ্রেণী কার্যক্রম চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৭। উপজেরা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে যেসকল পানির উৎসের বরাদ্দ পাওয়া গিয়েছিলো তার সকল কাজ শেষ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ০৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার জানান, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন বিদ্যালয়ের শিক্ষার্থী,শিক্ষক এবং অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এ পর্যন্ত ১০৪ টি জুম প্লাটফর্ম ব্যবহার করে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া শিক্ষার্থীদের জন্য "ঘরে বসে শিখি" কার্যক্রমের মাধ্যমে পাঠদান এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। স্থানীয় টিভি চ্যানেলে প্রাথমিক বিদ্যালয়ের জন্য ধারণকৃত ভিডিও পাঠদান সকাল ১০:৩০-১১:৩০ মিনিট পর্যন্ত প্রতিদিন প্রচার করা হচ্ছে। অত্র উপজেলার শিক্ষার্থীদরে সাথে টেলিফোনিক যোগাযোগ অব্যাহত আছে। | শিক্ষার্থীদের সঙ্গে টেলিফোনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০। সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে একটি টয়লেট নির্মাণের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতঅ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ১৮,৪৮,৭৮৫.০৩/- টাকা , কাবিখা = ৭২.৫২৭৫ মেঃটন এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ১ম পর্যায়= ১,২৩,০৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, প্রকল্প গ্রহণ | প্রকল্প গ্রহণে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| প্রক্রিয়াধীন। | | |
| ১২। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, চুয়াডাঙ্গা থেকে ঝিনাইদহ সড়কের হায়দারপুর মোড় হতে ডিঙ্গেদহ বাজার পর্যন্ত সড়কের উভয় পাশে সামাজিক বনায়ণের জায়গা। উক্ত স্থানে জনাব মোঃ আশিকুজ্জামান,পিতা,মোঃ আকবর আলী,সাং-হায়দারপুর একটি এলপিজি অটোগ্যাস ফিলিং ষ্টেশন করতে যাচ্ছেন। প্রস্তাবিত স্থানে প্রবেশপথে সামাজিক বনায়নের ৬ টি রেইন্ট্রি গাছ আছে যা অপসারনের জন্য তিনি বিভাগীয় বন কর্মকর্তা কুষ্টিয়া বরাবর আবেদন করেছেন। তিনি জানান, ইতিমধ্যে সংশ্লিষ্ট বনায়ন কমিটির সভায় রেজুলেশন পাওয়া গেছে। তিনি উক্ত সভার প্রস্তাব পেশ করলে সকলে একমত পোষন করেন | প্রস্তাবিত এলপিজি অটোগ্যাস ফিলিং ষ্টেশনের প্রবেশ পথে ৬ টি রেইনট্রিগাছ জনস্বার্থে অপসারণের প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ করতে চুয়াডাঙ্গা এসএফএনটিসি কে দায়িত্ব দেওয়া হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ। |
| ১৩। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ সভায় জানানো হয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদোন্নতিজনিত কারনে তিনি পাশ্ববর্তি মাগুরা জেলাতে বদলী হয়েছেন। তিনি সবার কাছে দোয়া চান। সকলে তার মঙ্গল কামনা করে উত্তরোত্তর সফলতা কামনা করেন। | - | - |
| **<u>আলোচ্যসূচি-০৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদনঃ</u>** সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ জানান যে, ২০১৯-২০ অর্থবছরে সক্ষমতা বৃদ্ধিমূলক উপ প্রকল্প গ্রহণপূর্বক বিগত ২১/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় নিম্নরুপ ০৮ টি উপ-প্রকল্প বাছাই করা হয়ঃ<br>১) স্বাস্থ্য সেবাদানকারী কর্মীদের করোনা প্রতিরোধের দক্ষতা বৃদ্ধির জন্য করোনা (কোভিড /১৯) বিষয়ে প্রশিক্ষণ<br>২) জণপ্রতিনিধি/ চেয়ারম্যান/ মেম্বার/কিশোর/কিশোরী ক্লাবের প্রতিনিধিদের জন্য বাল্যবিবাহ রোধ, যৌতুক প্রথা বন্ধ ও মাদক বিরোধী সচেতনতামূলক প্রশিক্ষণ<br>৩) বায়ো ফ্লোকস পদ্ধতিতে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ<br>৪) তরুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ<br>৫) আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রতিবন্ধিদেরকে বসতবাড়ীতে সবজি চাষ ও পশুপাখি পালন বিষয়ে প্রশিক্ষণ<br>৬) স্কুল ব্যবস্থাপনার বিষয়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক,অভিভাবক ও ম্যানেজিং কমিটির সদস্যদের সচেতনতা মূলক প্রশিক্ষন।<br>৭) প্রসুতি মাদের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ মাতৃত্ত নিশ্চিত ও ডেলিভারি বিষয়ে স্বাস্থ্য কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ<br>৮) বিভিন্ন আশ্রায়ন প্রকল্পের মহিলাদের সেলাই প্রশিক্ষণ<br>নীতিমালা অনুযায়ি বর্ণিত প্রকল্প সমুহ মাসিক সভায় অনুমোদন করতে হবে। এজন্য প্রকল্পের ইউডিএফ উক্ত প্রকল্প সমুহ অনুমোদনের প্রস্তাব সভায় পেশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প সমুহ অনুমোদনের ব্যাপারে সকলে একমত পোষন করেন। | বর্ণিত ০৮ টি উপ-প্রকল্প অনুমোদন দেওয়া হলো। এবং বাস্তাবয়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে দায়িত্ব দেওয়া হলো। | উ:নি;অ:/ উ:চে: |

<table>
<tr>
<td>
<u>আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের বার্ষিক আয় -ব্যয় হিসাব বিবরণী অনুমোদনঃ</u><br>
উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (ক্রমিক নং ৩ এর ক-ম) পর্যন্ত খাতে ৩০ জুন পর্যন্ত ব্যয়ের পর আয়-ব্যয় হিসাব করে অবশিষ্ট অর্থ সরকারি বিধি অনুযায়ি ১ লা জুলাই উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের সরকারি নির্দেশনা রয়েছে। তিনি জানান,চলমান করোনা ভাইরাসের কারনে স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ০২/০৬/২০২০ খ্রি: তারিখের ৪৩০ নং স্মারকমুলে ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্তের অর্থ ৩০ জুন এর পরিবর্তে ৩০ সেপ্টেম্বরের পর উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের নির্দেশনা দিয়েছে। সে মতে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জুলাই/১৯ হতে সেপ্টেম্বর/২০ পর্যন্ত বার্ষিক আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বার্ষিক আর্থিক বিবরণী বিধিমোতাবেক মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো ।যার সার-সংক্ষেপ নিম্নরুপ:
<table>
<tr><th>ক্র:</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>রাজস্ব উদ্বৃত্ত</th><th>ব্যাংক স্থিতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>২,৪১,০২,৩৭২/-</td><td>১,১৭,৮৬,৩৯৮/-</td><td>১,২০,৮৮,০৮৪/-</td><td>২,২৭,৮৯০/-<br>(সিডিউলসংক্রান্ত ব্যয়নির্বাহের নিমিত্তে)</td><td>০১/১০/২০২০ খ্রি: তারিখে উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে।</td></tr>
</table>
উপজেলা নির্বাহী অফিসার জানান, এ বছর করোনা ভারাসের কারনে উন্মুক্ত সভা করে বাজেট প্রস্তুত করা সম্ভব হয়নি। তিনি জানান, উপজেলা পরিষদ আইন-২০১১ (সংশোধীত) এর ৩৮ এর ৩ ধারা অনুযায়ি কোন কারনে বাজেট করা সম্ভব না হলে বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী প্রস্তুত করে প্রত্যয়ন/ অনুমোদন করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। শেষে প্রস্তুতকৃত বার্ষিক আর্থিক বিবরণী সঠিক আছে বলে সভায় জানানো হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>
বার্ষিক আয়-ব্যয়ের খাতওয়ারি বিবরণী পরিশিষ্ট “গ”তে দেখানো হলো।
</td>
<td>২০১৯-২০ অর্থবছরের প্রস্তুতকৃত বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী অনুমোদন করা হলো। এটি উপজেলা পরিষদের ওয়েবসাইটে আপলোড পূর্বক সংশ্লিস্ট সকল দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্টদেরকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td>
<u>আলোচ্যসূচি-০৬। উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণঃ</u><br>
সভায় উপজেলা প্রকৌশলী বলেন,২০২০-২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) খাতে ১ম কিস্তির ২৫.৭৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি জানান, এছাড়া ২০২০-২১ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) খাতে রাজস্ব উদ্বৃত্তের ১,২০,৮৮,০৮৪/- টাকা পাওয়া গেছে। তিনি বলেন, সরকারি নির্দেশনা মতে মে/২০২১ খ্রিঃ এর মধ্যে উক্ত অর্থ ব্যয়ের নির্দেশনা রয়েছে। তিনি পরবর্তী ৩ কিস্তি সম্ভাব্য ধরে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব সভায় পেশ করেন। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় বলেন, এডিপিতে ২য় কিস্তি আসলে তখন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বর্তমানে উপজেলা উন্নয়ন তহবিলে যে পরিমান অর্থ আছে নিয়মানুযায়ি তার ৩০% প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রকল্প সমুহ গ্রহণ করা যেতে পারে। বিভিন্ন ইউনিয়ন পরিষদ,ভাইস চেয়ারম্যানদ্বয়,উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্যদের দাখিলকৃত প্রকল্প সমুহ অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী মাসিক সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। শেষে ৪০(চল্লিশ লক্ষ) টাকার নিম্নরুপ ২০ টি প্রকল্প ও প্রকল্প কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>
অনুমোদিত ২০ টি প্রকল্প ও প্রকল্প কমিটি পরিশীষ্ট“খ” তে দেখানো হলো।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>
<u>আলোচ্যসূচি-০৭। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদনঃ</u><br>
ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br><br>
১) অক্টোবর/২০ মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-
</td>
<td>ক) বর্ণিত ১,২,৩, নং ক্রমিকের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে বিধিমোতাবেক ভাউচারের মাধ্যমে পরিশোধের অনুমোদন দেওয়া হলো ।</td>
<td>উঃনিঃঅঃ/ উপজেলা চেয়ারম্যান</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২) সংবাদপত্রের বিল-১৫৫০/-<br>৩) উপজেলা পরিষদের জীপগাড়ীর বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় ১৫ টি ভাউচারে মোট=৭২,২৩০/-<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ সঠিক আছে বলে জানানো হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। | | |

**আলোচ্যসূচি-০৮ বিবিধঃ**

**১। সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গেঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ি প্রতি মাসের ২য় বৃহস্পতিবার উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য দপ্তর প্রধাণগণের উদ্দেশ্যে বলেন, উপজেলা পরিষদের মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভায় কোন প্রতিনিধি গ্রহণযোগ্য হবে না।

সিদ্ধান্তঃ ইউপি চেয়ারম্যান ও অন্যান্য দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

৪। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

৫। উপজেলা ডিজিটাল সেন্টারঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে। উপজেলা চেয়ারম্যান বলেন, এটি সরকারের একটি মহতী উদ্যোগ তিনি হস্তান্তরিত সকল কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে ফটোকপি রঙ্গিন ছবি সহ ই-মেইল করতে বাইরে কোথাও না গিয়ে উপজেলা ডিজিটাল সেন্টারে আসার আহবান করেন।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২০. ৫৬৩ (৪০) ।
২৫/১০/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
১০। জনাব..................................................................................।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ০৫/২০২০-২১ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ১২.১১.২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত অক্টোবর/২০ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০৫/১১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ২০২০-২১ অর্থবছরে রাজস্ব উদ্বৃত্তের ১,২০,৮৮,০৮৪/- টাকা উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) আওতায় পাওয়া যায়। যার বিপরীতে ৪০.০০ লক্ষ টাকায় ২০ টি পিআইসি প্রকল্প বিগত মাসিক সভায় অনুমোদন করা হয়েছে। এছাড়া তিনি বলেন, ২০২০-২১ অর্থবছরে এডিপি ১ম কিস্তিতে ২৫.৭৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি এডিপি তহবিলের বিপরীতে প্রকল্প গ্রহণের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। | গৃহীত প্রকল্প বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| **প্রাথমিক ও গনশিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৫/১১/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন ১০৪ টি জুম প্লাটফর্ম ব্যবহার করে বিদ্যালয়ের শিক্ষার্থী,শিক্ষক এবং অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া শিক্ষার্থীদের জন্য “ঘরে বসে শিখি” কার্যক্রমের মাধ্যমে পাঠদান এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। উপজেলার শিক্ষার্থীদরে সাথে টেলিফোনিক যোগাযোগ অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি:**<br>উপজেলা মাধমিক শিক্ষা অফিসার সভায় জানান, বিগত ০৫/১১/২০২০ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, এ উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারীভাবে ল্যাপটপ ও প্রজেক্টর দেওয়া হয়েছে। এগুলোতে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

<table>
<tr><td>অনলাইনে শ্রেণী কার্যক্রম চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td></td><td></td></tr>
<tr><td><u>আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।</u><br>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,অত্র উপজেলার ২৬ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ২১২৩২ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৩০২ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে রেখে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া তিনি জানান, ৯ মাস হতে ১০ বছর বয়স পর্যন্ত বাচ্চাদের আগামী ০৫/১২/২০২০ হতে ১৭/০১/২০২০ পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হতে ৩.০০ ঘটিকা পর্যন্ত এম আর ভ্যাকসিন দেওয়া হবে। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য তিনি ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।</td><td>কমিউনিটি ক্লিনিক সমুহে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা।</td></tr>
<tr><td>২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান, এ বছর ৬০০০ কৃষককে ভুট্টার বীজ ও সার দেওয়া হবে তিনি ইউপি চেয়ারম্যানদের দ্রুত তালিকা দেওয়ার ানুরোধ করেন। এছাড়া তিনি চলতি মাসের সার পরিস্থিতির নিম্নরুপ চিত্র সভায় উপস্থাপন করেন:<br><table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ (মেঃ টন)</th><th>উত্তোলণ(মেঃ টন)</th><th>মজুদ (মেঃ টন)</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৯১৭ মেঃ টন</td><td>৩৬ মেঃটন</td><td>৮৮১ মেঃ টন</td></tr>
<tr><td>টিএসপি</td><td>৩০৭২ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৩০৭২মেঃ টন</td></tr>
<tr><td>এমওপি</td><td>৪১৯ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৪১৯ মেঃ টন</td></tr>
<tr><td>ডিএপি</td><td>৫১৬ মেঃ টন</td><td>০ মেঃ টন</td><td>৫১৬ মেঃ টন</td></tr>
</table>
এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।</td><td>সারের কৃত্রিম সংকট রোধে ডিলারসমুহে পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা।</td></tr>
<tr><td>৩। উপজেলা মৎস্য বিভাগঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ৩৪ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান গত ১৪/১০/২০২০ হতে ০৪/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত মা ইলিশ রক্ষা অভিযান সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। প্রতিবছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ০৮ মাস জাটকা ধরা, বিক্রি, পরিবহন,মজুদ,বিপনন ও বিনিময় সম্পূর্ন নিশিদ্ধ। তিনি এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সযোযোগিতা কাসনা করেন।</td><td>এ উপজেলার মৎস্য খামার সমুহে পরিদর্শন ও মাসচাষীদেরকে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা।</td></tr>
<tr><td>৪। উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬৫৪ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫০৫৬ মাত্রা, হাঁস-মুরগী ৭৯৮০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৭১৮ টি গবাদি পশু এবং ১৮৬৭৭ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ নাই, উঠান বৈঠকের আয়োজন নাই, ডিম উৎপাদন-৪৮২৩৫০০ টি,দুধ উৎপাদন-১৪৫০মেঃ টন,মাংশ উৎপাদন-১৮৭৪ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-৪.৫০ একর এবং খামার পরিদর্শন-১৫টি। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td><td>উঃ প্রানীসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>৫। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান,তার</td><td>বিভাগীয় কার্যক্রমের</td><td>উপজেলা</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.০৭%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ১০৪ জন , গর্ভবতী সেবা ২১৮৩ জন এবং ৪২৬ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৬। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন সরকার সর্বমোট ১৪৫ টি সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করছে। এর মধ্যে ৫৪ টি কার্যক্রম সমাজসেবার মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তিনি জানান,বয়স্ক,বিধবা,প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশন প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি জানান, ১৭০০ কার্ডধারীর কোন তথ্য পাওয়া যায়নি তিনি এসকল কার্ডধারী খুজে বের করতে ইউপি চেয়ারম্যানদের তালিকা দেওয়ার অনুরোদ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগামী ১০ দিনের মধ্যে ইউপি চেয়ারম্যানদেরকে এসকল কার্ডধারীর তথ্য দিতে হবে। | ১০ কার্যদিবসের মধ্যে তথ্য না পাওয়া কার্ডধারীদের তথ্য উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানদেরকে নির্দেক্রমে অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান-গণ |
| ০৭। উপজেরা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে যেসকল পানির উৎসের বরাদ্দ পাওয়া গিয়েছিলো তার সকল কাজ শেষ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ০৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃউপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৯। সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে একটি টয়লেট নির্মাণের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতঅ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ১৮,৪৮,৭৮৫.০৩/- টাকা , কাবিখা = ৭২.৫২৭৫ মেঃটন এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ১ম পর্যায়= ১,২৩,০৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন। | প্রকল্প গ্রহণে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১২। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ। |
| ১৩। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ সভায় উপস্থিত না থাকায় কোন তথ্য পাওয়া যায়নি। | উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৪। ১৭ টি উপজেলা কমিটির সভা আয়োজনের তারিখ সুনির্দিষ্টকরণঃ**<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের মাসিক সভা সরকারি নির্দেশনামতে প্রতি মাসের ২য় বৃহঃবার অনুষ্ঠিত হয়ে থাকে। সে মতে ১৭ টি উপজেলা কমিটির সভা সমুহ প্রতি মাসের ১ম বৃহঃবার অনুষ্ঠিত হবার সিদ্ধান্ত উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত হয়েছিলো। কিন্তু ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, ১৭টি হস্তান্তরিত বিভাগের দপ্তরপ্রধানগণ উক্ত সিদ্ধান্তের বাইরে কোন কোন উপজেলা কমিটির সভা অয়োজন করছেন। তিনি সকল দপ্তরপ্রধানকে উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার প্রতি ২ মাস অন্তর উপজেলা কমিটির সভা অয়োজনের অনুরোধ করেন। বিস্তারিত আলোচোনান্তে এ বিষয়ে সকলে একমত পোষন করেন। | প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধানগণ |
স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১.        (৪০)  ।
২১/০৪/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১।  মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২।  সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩।  জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪।  চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫।  উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬।  ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭।  মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮।  উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯।  চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
১০।  জনাব.................................................................................।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ১১/২০২০-২১ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২৭.০৫.২০২১ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত এপ্রিল/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলায় চলতি ২০২০-২১ অর্থবছরে খরিপ-১ মওসুমে ৩৮০০ জন কৃষকের মাঝে আউস প্রোনোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়নে বিভাজন সম্পন্ন করে ইউনিয়ন চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া চলতি মওসুমে আউস ১৫৬৮৫ হেক্টর, পাট ৮১০ হেক্টর, মরিচ ২৩০ হেক্টর, শাকসবজি ৩১৮৫ হেক্টর লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৫৩৬ মে.টন, টিএসপি সার ১২৭ মে. টন, এমওপি সার ১৪৮ মে. টন ও ডিএপি সার ৩২০ মে.টন মজুদ রয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে কৃষক পর্যায়ে রাসায়নিক সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। তিনি আরো জানান, অত্র উপজেলায় বানিজ্যিক ভাবে আনারের চাষ শুরু হয়েছে। এছাড়া | আউস প্রোনোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত কৃষকদেরকে নির্বাচন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| **স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৭%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৫২ জন , গর্ভবতী সেবা ১৪৭০ জন এবং ৩২৫ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সেবা প্রদানের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯১৭৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৬০ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । তিনি আরো জানান, সদর হাসপাতালে করোনা ভাইরাসের টিকা প্রদান (২য় ডোজ) কার্যক্রম শেষ হয়েছে। তিনি জানান, করোনা ভাইরাসের ২য় ঢেউয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলায় আক্রান্তের হার অনেক বেশি। সবচাইতে ঝুকির বিষয় এ দফায় ভারতীয় ধরণ শনাক্ত হচ্ছে। এজন্য তিনি সকলকে সামাজিক দুরত্বসহ বিধি নিশেধ পালনে আন্তরিক হওয়ার পরামর্শ দেন। | ইউপি চেয়ারম্যানদের করোনা ভাইরাস সম্পকে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান। |
| ২। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি বলেন, ১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ০৮ মাস জাটকা ধরা, বিক্রি, পরিবহন,মজুদ,বিপনন ও বিনিময় সম্পূর্ন নিশিদ্ধ। তিনি এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরাধীন“ জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি” শীর্ষক প্রকল্পের মাধ্যমে পাকশির বিল, নুরুল্লাপুর বিল, ও উজলপুর বিল পূন: খননের কাজ চলমান আছে মাজের মান সন্তোষজনক বলে তিনি সভাকে জানান। | বিল পূন: খননের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| ৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬২৩ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৩৭৪০, হাঁস-মুরগী ৫১,০০০। এছাড়া তিনি জানান, এ মাসে ২৮২৭ টি গবাদি পশু এবং ১৮৪১০ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ ডিম উৎপাদন-৪৩৫০০০০ টি,দুধ উৎপাদন-১৯৯৭মেঃ টন,মাংশ উৎপাদন-২৩৭০ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-২.১০ একর এবং খামার পরিদর্শন-১২টি। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৪। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলার শতভাগ শিক্ষককে শিক্ষক বাতায়নের সদস্য করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপঃ মাঃ শিক্ষা কর্মকর্তা |
| ৫। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন বিদ্যালয়ে শিক্ষকদের সাথে এবং অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া ১ম- ৫ম শ্রেণীর শিক্ষার্থীর অন্তরবর্তীকালীন শ্রেনীভিত্তিক পাঠ পরিকল্পনা বাড়ীর কাজ ওয়ার্কশীট পড়ে নির্ধারিত কাজ সম্পন্ন করে শিক্ষার্তীর অভিভাবকবৃন্দ স্বাস্থ্যবিধি মেনে বিদ্যারয়ে জমা দিচ্ছেন। শিক্ষকবৃন্দ সেগুলো বিদ্যালয়ে সংরক্ষণ ও মূল্যায়ন করছেন। তাছাড়া এপ্রিল- জুন মাসের উপবৃত্তির টাকা বিতরনের লক্ষ্যে "নগদ" পোর্টালে ২১১৬৫ জন শিক্ষার্থীর জন্য ৮৯৫৪৭০০/- টাকা প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের সামগ্রিক কাজকর্ম সুষ্ঠবাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ ২০২০-২১ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, গত ২৩/০৪/২১ খ্রিঃ তারিখে ওয়ার্কওর্ডার দেওয়া হয়েছে। কাজ চলমান আছে জুনের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন হবে বলে তিনি সভাকে অভিহিত করেন। | গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ/উঃ নিঃ অঃ/ উঃ চেঃ |
| ০৬। উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগীদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম চলমান রয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান, ভিক্ষুক পূনর্বাসন কার্যক্রমের আওতায় ৭ জন ভিক্ষুককে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ০৭। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থবছরে যে সকল গভির অগভির নলকূপের বরাদ্দ পাওয়া গেছে তার কাজ চলমান রয়েছে । | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপঃজনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ০৮। উপজেলা মহিলা বিসয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মহিলা বিঃকর্মকর্তা। |
| ০৯। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০। সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে একটি টয়লেট | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতঅ অব্যাহত | উপজেলা সমবায় |

<table>
<tr><td>নির্মাণের প্রস্তাব করেন।</td><td>রাখতে হবে।</td><td>কর্মকর্তা।</td></tr>
<tr><td>১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ৪৫,৯২,৫৫৩/- টাকা , কাবিটা = ৫৭,০৮,৯৭১/-. টাকা বরাদ্দ পাওয়া যায়। টিআর এ ৬৪ টি এবং কাবিটায় ১৪ টি প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, এবছর ভিজিএফ চালের পরিবর্তে জনপ্রতি ৫০০ টাকা প্রদান করা হবে। খাতে সদর উপজেলায় ২.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। জনসংখ্যার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ করে পত্র প্রেরণ করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন।</td><td>ভিজিএফ প্রদানে উপকার ভোগীদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।।</td><td>উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।</td></tr>
<tr><td>১২। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, তার ইউপির অভ্যন্তরে সরকারি সড়কের পাশে ৪০-৫০ টি মরে ঝুকিপূর্ন অবস্থায়।তিনি জানান, গাছগুলো ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কাটার সুযোগ আছে কিনা। উপজেলা নির্বাহী অফিসার জানতে চাইলে বন বিভাগের কর্মকর্তা জানান,নিয়মানুযায়ি উক্ত গাছের ভূমি মালিক বিভাগীয় বন কর্মকর্তা বরাবর আবেদন করবেন ।</td><td>নিয়মানুযায়ি বিদ্যমান ঝুকিপূর্ন গাছ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>ভারঃ কর্মঃ সাঃ বনায়ন বিভাগ।</td></tr>
<tr><td><u>আলোচ্যসূচি-০৪। উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের বাজেট অনুমোদন ঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা অনুসারে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ সনের বাজেটের খসড়া প্রস্তুত পূর্বক বিগত ১৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে সর্বসাধারনের মতামত নেওয়া হয়। তিনি জানান, সভার মতামত এবং উপজেলার সার্বিক চাহিদার উপর ভিত্তি করে ২০২১-২২ অর্থবছরে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জন্য ৫,২১,৭১,৭৩৮/- (পাঁচ কোটি একুশ লক্ষ একাত্তর হাজার সাতশত আটত্রিশ ) টাকার বাজেট প্রনয়ন করা হয়েছে। তিনি অনুমোদনের জন্য নির্ধারিত ফরম্যাটে প্রস্তুতকৃত বাজেটের অনূলিপি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় সকলের উদ্দ্যেশ্যে বলেন,কোন আপত্তি বা পরামর্শ থাকলে তা উপস্থাপন করুন। কোন আপত্তি নেই এবং প্রস্তাবকৃত বাজেট অনুমোদন দেওয়া যায় বলে সভায় সকলে একমত পোষন করেন।<br>অনুমোদিত ২০২১-২২ অর্থবছরের বাজেট নির্ধারিত ফরম্যাটে পরিশিষ্ট “খ” তে দেখানো হলো।</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td><u>আলোচ্যসূচি-০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের অণূকুলে বরাদ্দকৃত ১০ লক্ষ টাকার ৮ টি উপ-প্রকল্প বাস্তবায়নের বিল ভাউচার সমন্বয় পূর্বক প্রেরণ প্রসঙ্গেঃ</u><br>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ জনাব মোঃ আক্তারুজ্জামান জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের অনূকুলে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের ১০ লক্ষ টাকার নিম্নরুপ ৮ টি উপ-প্রকল্প অনুমোদন দেওয়া হয়ঃ
<table>
<tr><th>উপ-প্রকল্পের নাম</th><th>অনুমোদিত টাকা (ভ্যাট ও আইটি ব্যতীত)</th></tr>
<tr><td>১। করোনা (কোভিড /১৯) বিষয়ে প্রশিক্ষণ</td><td>1,03,350/-</td></tr>
<tr><td>২। কিশোর/কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ</td><td>1,05,180/-</td></tr>
<tr><td>৩। বায়ো ফ্লোক পদ্ধতিতে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ</td><td>1,33,550/-</td></tr>
<tr><td>৪। তরুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষন</td><td>1,23,445/-</td></tr>
<tr><td>৫। প্রতি বন্ধীদের আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে বসত বাড়ীতে সবজি চাষ ও</td><td>1,05,950/-</td></tr>
</table></td><td>বাস্তবায়িত ৮ টি উপপ্রকল্পের বিল ভাউচার প্রকল্পের PMW ঢাকা তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উঃনিঃঅঃ</td></tr>
</table>

<table>
<tr>
<td>
<table>
<tr><td>পশুপাখি পালন বিষয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ</td><td></td></tr>
<tr><td>৬। স্কুল ব্যবস্থাপনা  বিষয়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটি / অভিভাবকদের  সচেতনতা মূলক প্রশিক্ষন।</td><td>1,29,750/-</td></tr>
<tr><td>৭। প্রসুতি মাদের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ মাতৃত্ত নিশ্চিত ও ডেলিভারী বিষয়ে UH&FWC/কমিউনিটি ক্লিনিকের/ স্বাস্থ্য কর্মীদের  দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ</td><td>1,17,525/-</td></tr>
<tr><td>৮। বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পের মহিলাদের ব্লক বাটিক প্রশিক্ষণ</td><td>1,81,250/-</td></tr>
<tr><td>মোট</td><td>10,00,000/-</td></tr>
<tr><td>ভ্যাট ও আইটি সহ মোট</td><td>10,66,126/-</td></tr>
</table>
সভায় জানানো হয় উপর্যুক্ত ৮ টি প্রশিক্ষণ সূষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনা হয় বিল ভাউচার সমুহ যাচাই বাছাই করা হয় এবং সঠিক আছে বলে সভায় মত প্রকাশ করা হয়। শেষে বিল ভাউচার সহ প্রয়োজনীয় ডকুমেন্টস সমন্বয়ের নিমিত্তে PMW ঢাকা তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৬ । বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে জরুরী ভিত্তিতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গেঃ</u><br>
সভায় উপজেলা প্রকৌশলী জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৪র্থ কিস্তি বাবদ সম্ভাব্য ১৯.৩৪ লক্ষ টাকা ধরে প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান। কিন্তু ০১/০৪/২০২১ খ্রি তারিখে স্থানীয় সরকার বিভাগের ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০ (অংশ-৩) -২০৯ নং স্মারকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৪র্থ কিস্তি বাবদ ২৯.৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। যা সম্ভাব্যের চেয়ে ১০.৩২ লক্ষ টাকা বেশি। এখন টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার সুযোগ নেই কেননা চলতি ২০২০-২১ অর্থবছরের আর মাত্র ১ মাস অবশিষ্ট আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন,বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। তিনি জানান, করোনা ভাইরাসের ভারতীয় ধরন এ জেলায় শনাক্ত হয়েছে। প্বার্শবর্তী দামুড়হুদা উপজেলায় করোনা ভাইরাসের ভারতীয় ধরন শনাক্তের হার অনেক বেশি। তিনি জানান, সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা ইত্যাদি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত আছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিল হতে ( স্বাস্থ্য খাতে) জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে করোনা ভাইরাসের বিস্তার রোধে মাস্ক,স্যানিটাইজার, জীবানুনাশক সাবান ক্রয় পূর্বক সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে জনসাধারণের মাঝে বিনামূল্যে বিতরণ সহ আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে সেলাই মেশিন সরবরাহ ও ছাত্র-ছাত্রীদের লেডিস সাইকেল ও স্যানিটারী ন্যাপকিন সরবরাহ করার প্রস্তাব করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত জানতে চাইলে সকলে করোনা ভাইরাসের প্রকোপ রোধে স্বাস্থ্য খাতে প্রকল্প গ্রহণ সহ আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে প্রকল্প গ্রহণেএকমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ১০.৩২ লক্ষ টাকার নিম্নরূপ ২ টি প্রকল্প গ্রহণ পূর্বক অনুমোদন করা হয়ঃ<br>
অনুমোদিত ২ টি প্রকল্প পরিশীষ্ট ‘গ” তে দেখানো হলোঃ<br>
টেন্ডার প্রক্রিয়ার পর্যাপ্ত সময় না থাকায় আরএফকিউ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। এবং গৃহীত প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়। ক্রয়কৃত মালামাল উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয় এবং ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে বিতরণ করা হবে বলে সভায় আলোকপাত করা হয়।</td>
<td>গৃহীত প্রকল্প ২ টি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বব</td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৭ । জাইকার অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের বিল ছাড় করণ প্রসঙ্গেঃ</u></td>
<td>চুয়াডাঙ্গা সদর উপজেলার</td>
<td>উঃনিঃঅঃ</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ সাহেব জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্কুলে উচু নিচু বেঞ্চ এবং সিলিং ফ্যান সরবরাহ INF-2018-19-401823-01 এর কাজ সম্পন্ন হয়েছে। যাহার খরচ নিম্নরুপঃ
<table>
<tr><th>শিরোনাম/ প্রকল্পের নাম</th><th>মূল টাকা</th><th>ভ্যাট</th><th>আইটি</th></tr>
<tr><td>INF-2018-19-401823-01</td><td>১২,০৩,৮১২/-/-</td><td>২১,৭৫৫/-</td><td>২৯,০০৮/-</td></tr>
<tr><td></td><td>১২,০৩,৮১২/-/-</td><td>২১,৭৫৫/-</td><td>২৯,০০৮/-</td></tr>
</table>
এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে বিষয়টি অনুমোদনের জন্য PMW ঢাকা তে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>বিভিন্ন স্কুলে উচু নিচু বেঞ্চ এবং সিলিং ফ্যান সরবরাহ কাজের বিল ছাড় করতে PMW ঢাকা তে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৮। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদানঃ</u><br>
ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>
১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>
২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br>
৩) ০১ টি ভোল্টেজ স্টাপলাইজার ক্রয় এবং ১ টি প্রিন্টার মেরামত-২১,০০০/-<br>
৪) আনসারদের বাল্প ক্রয় সহ টয়লেট পরিষ্কার, কেটলী ক্রয়, উপজেলা চেয়ারম্যানের আবাসিক অফিসে ইন্টারনেট সংযোগ স্থাপন এবং উপজেলা চেয়ারম্যান ও নির্বাহী অফিসারের কার্যালয়ের ৩ টি টিভি ও ১ টি এসি মেরামত- ২৫,০০০/-<br><br>
সভায় ১-৪ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউপির ১জন এবং মোমিনপুর ইউপির ৫ জন প্রাকৃতিক দূর্যোগ/ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক অনুদান চেয়ে আবেদন করেছেন। তিনি প্রাপ্ত আবেদন সমুহ সভায় উপস্থাপন করলে, উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদেরকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদানের সুযোগ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচোনা শেষে দাখিলকৃত আবেদনের বিপরীতে নিম্নোক্ত ভাবে আর্থিক সাহায্যের চেক উপজেলা রাজস্ব তহবিল হতে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>
১। মোঃ ইমরান হোসেন, পিতা, মোঃ মজিদ হোসেন, সাং আলুকদিয়া - ১০,০০০/-<br>
২। মোঃ জানারুল, পিতা মৃত মউনদ্দিন আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br>
৩। মোঃ ইছানুল, পিতা মৃত শুকুর আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br>
৪। মোঃ দুল হাঁস, পিতা মৃত ইস্রাফিল, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br>
৫। মোঃ তাইজল, পিতা মৃত নুরু ব্যাপারী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br>
৬। মোঃ সুমন আলী, পিতা বাবুর আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br><br>
এছাড়া সভায় জানানো হয় উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ২০১৪ সালে এইচ পি ব্রান্ডের ১ টি ল্যাপটপ ক্রয় করা হয় যা উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সিএ মোঃ শফিকুল</td>
<td>ক) বর্ণিত ১-৪ নং ক্রমিকের ব্যয় ভাউচারে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>
খ) প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদেরকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে চেকের মাধ্যমে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার।<br><br>
উপজেলা নির্বাহী অফিসার।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>ইসলামের দায়িত্বে ছিলো। বর্তমানে ল্যাপটপটি সম্পূর্ণ অকেজো হয়ে গেছে। ফলে দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটছে। সুষ্ঠভাবে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য ১ টি নতুন ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের কিছু ভাঙ্গা চেয়ার টেবিল ও আলমারী আছে যা মেরামত করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা বই মুদ্রণ করার সরকারি নির্দেশা রয়েছে। উপজেলা পরিষদের ( প্রকাশনা, আসবাবপত্র মেরামত ও অফিস দ্রব্যাদি ক্রয় খাত) তহবিল হতে সংশ্লিষ্ট খাতে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব উপস্থাপন করা হলে সকলে একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমানকে সভাপতি করে ২,০০,০০০/- টাকার নিম্নরূপ প্রকল্প কমিটি অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>১</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী বই মূদ্রন, আসবাবপত্র মেরামত ও ল্যাপটপ ক্রয়।</td><td>২,০০,০০০/-</td><td>১।মোঃমাসুদুর রহমান,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২ মোঃ ইব্রাহিম হামিদ শাহিন, সিনিয়র উপঃ মৎস্য অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য</td></tr>
</table>
</td>
<td>গ) গৃহীত প্রকল্পের প্রাক্কলণ পূস্তত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

**৯ ।বিবিধঃ**

**১। চলমান করোনা ভাইরাস প্রসঙ্গেঃ**
উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনা ভাইরাসের ২য় দফায় আক্রান্তের হার অনেক বেশি। তিনি সরকার কর্তৃক আরোপিত লকডাউন জনসাধারনকে কঠোরভাবে মানতে বাধ্য করতে মোবাইল কোর্ট অব্যাহত আছে বলে জানান। তিনি জনসাধারণকে লকডাউন মানাতে জনপ্রতিনিধিদেরকে মাঠে নামার আহবান জাানিয়ে বলেন, জনসাধারনের লকডাউন মানার ক্ষেত্রে কিছুটা অনিহা পরিলক্ষিত হচ্ছে। তিনি এক্ষত্রে জনপ্রতিধিদেরকে দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি সভায় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন,আপনারা জনগনের প্রতিনিধি জনগন আপনাদের কথা শুনবে । আপনারা সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মানতে জনগনকে সচেতন করতে মাঠে কাজ করেন। তিনি আরো বলেন, লকডাউন চলাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা বন্ধ থাকবে। কোন মাদ্রাসা খোলা হচ্ছে কিনা এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন ।
এ বিষয়ে গড়াইটুপি ইউপি চেয়ারম্যান বলেন, সরকারি কিছু আর্থিক প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি মানা হচ্ছে না বিধায় জনগণ সেগুলোকে উদাহরণ হিসাবে ব্যবহার করছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, খারাপ কিছু উদাহরণ হিসাবে গ্রহণ করা যাবে না । তিনি জানান, জনগণনকে কঠোরভাবে লকডাউন মানাতে সবাইকে একযোগে কাজ করতে হবে। এ বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন, জনগণকে স্বাস্থ্যবিধি মানাতে জনপ্রতিধিনিধিদের সঙ্গে নিয়ে প্রশাসনকে কাজ করতে হবে। সবার সহযোগিতায় লকডাউন শতভাগ কার্যকর করা সম্ভব হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।
**৪। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**৫। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**৭। আমার বাড়ী আমার খামারঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৮। **পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম  জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৯।  জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

১০। **উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী **১৭** টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে  বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১-৪৮ (৪০) ।
৩১/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা...................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৯।	চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
১০।	জনাব.................................................................................।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৬৩১১৫

সভা নং ঃ ১২/২০২০-২১ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
**তারিখ ঃ ১৪.০৬.২০২১ খ্রিঃ।**
**সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত মে/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ২০২০-২১ অর্থবছরে যে সকল গভির/অগভির নলকূপের বরাদ্দ পাওয়া গেছে তার কাজ শেষ হয়েছে । | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **মহিলা শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০৬/২০২১খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, ২০২১-২২ চক্রের জুন পর্যন্ত ভিজিডি’র চাল বিতরন সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| **যুব ও ক্রিড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০৬/২০২১খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | | |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯১৭৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৬০ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । তিনি আরো জানান, সদর হাসপাতালে করোনা ভাইরাসের টিকা প্রদান (২য় ডোজ) কার্যক্রম শেষ হয়েছে। তিনি জানান, করোনা ভাইরাসের ২য় ঢেউয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলায় আক্রান্তের হার অনেক বেশি। সবচাইতে ঝুকির বিষয় এ দফায় ভারতীয় ধরণ শনাক্ত হচ্ছে। এজন্য তিনি সকলকে সামাজিক দুরত্বসহ বিধি নিষেধ পালনে আন্তরিক হওয়ার পরামর্শ দেন। | ইউপি চেয়ারম্যানদের করোনা ভাইরাস সম্পর্কে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান। |
| ২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলায় চলতি ২০২০-২১ অর্থবছরে খরিপ-১ মওসুমে ৩৮০০ জন কৃষকের মাঝে আউস প্রোনোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়নে বিভাজন সম্পন্ন করে ইউনিয়ন চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া চলতি মওসুমে আউস ১৫৬৮৫ হেক্টর, পাট ৮১০ হেক্টর, মরিচ ২৩০ হেক্টর, শাকসবজি ৩১৮৫ হেক্টর লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৫৩৬ মে.টন, টিএসপি সার ১২৭ মে. টন, এমওপি সার ১৪৮ মে. টন ও ডিএপি সার ৩২০ মে.টন মজুদ রয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে কৃষক পর্যায়ে রাসায়নিক সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। তিনি আরো জানান, অত্র উপজেলায় বানিজ্যিক ভাবে আনারের চাষ শুরু হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আউস প্রোনোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত কৃষকদেরকে নির্বাচন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি বলেন, ১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ০৮ মাস জাটকা ধরা, বিক্রি, পরিবহন,মজুদ,বিপনন ও বিনিময় সম্পূর্ন নিশিদ্ধ। তিনি এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরাধীন“ জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি” শীর্ষক প্রকল্পের মাধ্যমে পাকশির বিল, নুরুল্লাপুর বিল, ও উজলপুর বিল পূন: খননের কাজ চলমান আছে কাজের মান সন্তোষজনক বলে তিনি সভাকে জানান। | বিল পূন: খননের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৪। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬৬৭ টি, শংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ ২৫৮টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৪৩৪০, হাঁস-মুরগী ১১২৭০০। এছাড়া তিনি জানান, এ মাসে ১০১২ টি গবাদি পশু এবং ১১৩৫৩ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ পোষা প্রাণীর চিকিৎসা প্রদান ৪ টি,রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরণ ২০ টি,খামারী প্রমিক্ষণ ৪২৭টি মাংশ | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ ৬৮টি,উঠান বৈঠক ২টি, ডিম উৎপাদন- ৩৭৩০০০০০ টি,দুধ উৎপাদন-১৫২৩মেঃ টন,মাংশ উৎপাদন-১৮৬৪ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-৩.০০ একর ,খামার পরিদর্শন-০ এবং নতুন খামার রেজিস্ট্রেষন ৩। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, করোনাকালীন সময়ে ছাত্র-ছাত্রীরা যাতে বাড়ীতে বসে ক্লাস করতে পারে সেজন্য উপজেলার প্রত্যেকটি প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস চলমান আছে। এছাড়া ছাত্র-ছাত্রীদের মূল্যায়ন করার জন্য এ্যাসাইনমেন্টের ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার সকল প্রধানশিক্ষকদের সাথে জুমে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপঃ মাঃ শিক্ষা কর্মকর্তা |
| ৬। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন সদর উপজেলার ২৮৭১১ জন শিক্ষার্থীর মাঝে প্রতি সপ্তাহের শনিবার অভিভাবকদের সাথে যোগাযোগ করে তাদের বাড়ীতে ওয়ার্কশীট পৌছানো চলমান আছে। সপ্তাহ শেষে ওয়ার্কশীট ফেরত নিয়ে মূল্যায়নপূর্বক স্টুডেন্ট প্রোফাইলে রাখা হচ্ছে। তাছাড়া জানুয়ারি- জুন/২১ পর্যন্ত ৬ মাসের ৪,৫৫,৮২,১০০/-টাকা উপবৃত্তির চাহিদা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে স্লিপগ্রান্ট বাবদ ১২১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে ৭৫,৮০,০০০/- টাকা , ৫১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে ওয়াশব্লক মেইনটেইনেন্স বাবদ ১০,২০,০০০/- টাকা এবং ৭৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে রুটিন মেইনটেইনেন্স বাবদ ২৯,৬০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যারয় গুলিতে কাজ চলমান আছে। তিনি আরো বরেন, এবছর ক্ষুদ্র বা বড় ধরনের মেরামত কাজের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে যেসকল বরাদ্দ দেওয়া হয়েছে তার কাজের গুনগতমান নিশ্চিত করতে কাজ চলাকালিন পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৭। উপজেলা প্রকৌশল বিভাগঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের সামগ্রিক কাজকর্ম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ ২০২০-২১ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। ৩০ জুনের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন হবে বলে তিনি সভাকে অভিহিত করেন। | গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ/উঃ নিঃ অঃ/ উঃ চেঃ |
| ০৮। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগীদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম চলমান রয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান, ভিক্ষুক পূনর্বাসন কার্যক্রমের আওতায় ৭ জন ভিক্ষুককে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ০৯। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান,তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৫%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৬৯ জন , গর্ভবতী সেবা ১৭৩৫ জন এবং ৪১২ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ১০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| ১১। সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে একটি টয়লেট নির্মাণের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতঅ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ৪৫,৯২,৫৫৩/- টাকা , কাবিটা = ৫৭,০৮,৯৭১/-. টাকা বরাদ্দ পাওয়া যায়। টিআর এ ৬৪ টি এবং কাবিটায় ১৪ টি প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, এবছর ভিজিএফ চালের পরিবর্তে জনপ্রতি ৫০০ টাকা প্রদান করা হবে।‚ খাতে সদর উপজেলায় ২.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। জনসংক্যার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ করে পত্র প্রেরণ করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ভিজিএফ প্রদানে উপকার ভোগীদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৩। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, তার ইউপির অভ্যন্তরে সরকারি সড়কের পাশে ৪০-৫০ টি মরে ঝুকিপূর্ন অবস্থায় ।তিনি জানান, গাছগুলো ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কাটার সুযোগ আছে কিনা। উপজেলা নির্বাহী অফিসার জানতে চাইলে বন বিভাগের কর্মকর্তা জানান,নিয়মানুযায়ি উক্ত গাছের ভূমি মালিক বিভাগীয় বন কর্মকর্তা বরাবর আবেদন করবেন । | নিয়মানুযায়ি বিদ্যমান ঝুকিপূর্ন গাছ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারঃ কর্মঃ সাঃ বনায়ন বিভাগ। |
| **<u>আলোচ্যসূচি-০৪ । ২০২০-২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি এবং উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) তহবিলের বিপরীতে গৃহীত উন্নয়ন পকল্প সমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রসঙ্গেঃ</u>**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলে ১,২০,৮৮,০৮৪/-( এক কোটি বিশ লক্ষ আটাশি হাজার চুরাশি) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাবদ ৪ কিস্তিতে ৮৭,৬৮,০০০/-( সাতাশি লক্ষ আটষট্রি হাজার) টাকা সরকারি অনুদান পাওয়া যায়। তিনি জানান, ২০২০-২১ অর্থবছরে সর্বমোট ২,০৮,৫৬,০৮৪/- টাকার বিপরীতে ১৮৩ টি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় যার সকল কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। | কাজের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| **<u>আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদানঃ</u>**<br>ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br>৩) ২০১৯-২০ ও ২০-২১ অর্থবছরের ভূমিউন্নয়ন কর -২৪,৫৪৪/-<br>৪) পত্রিকার বিজ্ঞপ্তি বিল-২৪,৪৪০/-<br>৫। বকেয়া বিদ্যুৎ বিল- ৩৫,৪৩০/-<br>৬। দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২০-২১ এর আনুসাংগিক ব্যয়-১,০৭,২১০/-<br>৭। দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২০-২১ এর ঢাকা ট্রিবিউন পত্রিকার বিজ্ঞপ্তি বিল -৫৯,৯৪৮/-<br>৮। দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২০-২১ এর দৈনিক জনবানী পত্রিকার বিজ্ঞপ্তি বিল -৯৭,০৬০/-<br>৯। দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২০-২১ এর দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার বিজ্ঞপ্তি বিল - ৫৭,১৮৪/-<br>১০। দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২০-২১ এর অবশিষ্ট অর্ত সরকারি কোষাগারে জমা-৫,৩২,৭০০/-<br><br>সভায় ১-২ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার | ক) সরকারি বিধি অনুযায়ি সিডিউল বিক্রির অর্থ হতে টেন্ডার সংক্রান্ত ব্যয় নির্বাহ করার পর অবশিশষ্ট অর্থ সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার। |

| | | |
|---|---|---|
| দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। এছাড়া (৩-১০) ক্রমিকে উল্লেখিত বিল সমুহ বিধিসম্মত হওয়ায় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদন দেওয়া হয়। | | |

<u>৬।বিবিধঃ</u>

**<u>১। চলমান করোনা ভাইরাস প্রসঙ্গেঃ</u>**
উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনা ভাইরাসের ২য় দফায় আক্রান্তের হার অনেক বেশি। তিনি সরকার কর্তৃক আরোপিত লকডাউন জনসাধারনকে কঠোরভাবে মানতে বাধ্য করতে মোবাইল কোর্ট অব্যাহত আছে বলে জানান। তিনি জনসাধারণকে লকডাউন মানাতে জনপ্রতিনিধিদেরকে মাঠে নামার আহবান জাানিয়ে বলেন, জনসাধারনের লকডাউন মানার ক্ষেত্রে কিছুটা অনিহা পরিলক্ষিত হচ্ছে। তিনি এক্ষত্রে জনপ্রতিধিদেরকে দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি সভায় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন,আপনারা জনগনের প্রতিনিধি জনগন আপনাদের কথা শুনবে । আপনারা সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মানতে জনগনকে সচেতন করতে মাঠে কাজ করেন। তিনি আরো বলেন, লকডাউন চলাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা বন্ধ থাকবে। কোন মাদ্রাসা খোলা হচ্ছে কিনা এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন ।
বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন, জনগণকে স্বাস্থ্যবিধি মানাতে জনপ্রতিধিনিধিদের সঙ্গে নিয়ে প্রশাসনকে কাজ করতে হবে। সবার সহযোগিতায় লকডাউন শতভাগ কার্যকর করা সম্ভব হবে।

**<u>২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ</u>** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**<u>৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ</u>** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৫। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। আমার বাড়ী আমার খামারঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৯। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

১০। **উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১-৫৪ (৪০) ।
২৭/০৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা..............................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
১০। জনাব.............................................................................. ।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৬৩১১৫